দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ সোমবার ॥ ২৭ জুলাই ২০২৬ ॥ ১২ সফর ১৪৪৮ ॥ ১২ শ্রাবণ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৫৬ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

••••••••••••••••••••

পক্ষান্তরে যারা ঈমান এনেছে এবং সৎকাজ করেছে। তাদের প্রাপ্য পরিপুর্ণভাবে দেয়া হবে। আর আল্লাহ অত্যাচারীদেরকে ভালবাসেন না।

সূরা আল ইমরান ৫৭

রাজনৈতিক মতাদর্শের ঊর্ধ্বে থেকে যোগ্যদের পদোন্নতি দিন

কীর্তনখোলা ডেস্ক

সেনাবাহিনীর কর্মকর্তাদের পদোন্নতির ক্ষেত্রে রাজনৈতিক মতাদর্শ ও ব্যক্তিগত পছন্দ-অপছন্দের ঊর্ধ্বে থেকে পেশাগত ২ এর পাতায় দেখুন

‘বিকাশ-নগদ-রকেটের অতিরিক্ত সার্ভিস চার্জ কেন অবৈধ নয়’

কীর্তনখোলা ডেস্ক

গ্রাহকদের থেকে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) বিকাশ, নগদ ও রকেটের স্বেচ্ছাচারী ও অতিরিক্ত সার্ভিস চার্জ ২ এর পাতায় দেখুন

সাবেক রাষ্ট্রপতিকে গ্রেফতারের দাবি আমলে নেওয়ার মতো নয়

কীর্তনখোলা ডেস্ক

সাবেক রাষ্ট্রপতিকে গ্রেফতারের দাবিতে বিভিন্ন রাজনৈতিক দলের আন্দোলন ও বিক্ষোভের বিষয়ে সরকার আমলে নেওয়ার ২ এর পাতায় দেখুন

স্থানীয় নির্বাচনে কারচুপির চেষ্টা হলে প্রতিহত করা হবে

কীর্তনখোলা ডেস্ক

স্থানীয় নির্বাচনে কারচুপির চেষ্টা হলে জনগণ প্রতিহত করবে বলে হুঁশিয়ারি দিয়েছেন জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী ২ এর পাতায় দেখুন

৫ বছরে নিহত প্রায় আড়াই হাজার
বরিশাল-কুয়াকাটা মহাসড়কে যাত্রা মানেই জীবনের শঙ্কা

কীর্তনখোলা রিপোর্ট

ভোরের কুয়াশা হোক কিংবা দুপুরের ব্যস্ত সময়, বরিশাল-কুয়াকাটা মহাসড়কে যাত্রা মানেই এক অদৃশ্য শঙ্কা। কখন, কোথায়, কোন বাঁকে অপেক্ষা করছে মৃত্যু, তা কেউ জানে না। প্রতিদিন হাজারো যানবাহন ছুটে চলে দক্ষিণাঞ্চলের এই গুরুত্বপূর্ণ মহাসড়কে। কিন্তু সড়কের একের পর এক বিপজ্জনক বাঁক যেন মুহূর্তেই কেড়ে নিচ্ছে অসংখ্য তাজা প্রাণ। পদ্মা সেতু চালুর পর দক্ষিণাঞ্চলের অর্থনীতি, পর্যটন ও যোগাযোগে এসেছে নতুন গতি। কিন্তু সেই গতি সামাল দেওয়ার মতো অবকাঠামো গড়ে ওঠেনি বরিশাল-কুয়াকাটা মহাসড়কে। মাত্র ২৪ ফুট প্রশস্ত দুই লেনের এই ১৬৬ কিলোমিটার দীর্ঘ সড়কে রয়েছে অন্তত ৭০টি ঝুঁকিপূর্ণ বাঁক, যেগুলোর

অনেকগুলোই এখন স্থানীয়দের কাছে পরিচিত ‘মৃত্যুফাঁদ’ নামে। সড়ক ও জনপথ বিভাগ, বাংলাদেশ রোড সেফটি ফাউন্ডেশন, পরিবহন মালিক-শ্রমিক, অভিজ্ঞ চালক ও স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে জানা গেছে, গত পাঁচ বছরে বরিশাল বিভাগে সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন প্রায় ২ হাজার ৪০০ মানুষ। এর বড় অংশের দুর্ঘটনাই ঘটেছে বরিশাল-কুয়াকাটা মহাসড়কের এসব বিপজ্জনক বাঁকে। ২০২২ সালের ২৯ মে ভোর। ঢাকা থেকে বরিশালগামী যমুনা লাইন পরিবহনের একটি যাত্রীবাহী বাস উজিরপুর উপজেলার সানুহার এলাকার তীব্র বাঁকে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের একটি গাছে সজোরে ধাক্কা দেয়। কয়েক সেকেন্ডের ব্যবধানে লণ্ডভণ্ড হয়ে যায় বাসটি। ঘটনাস্থলেই প্রাণ হারান ১০ যাত্রী। আহত হন আরও ২১ জন। এই মর্মান্তিক ঘটনার রেশ কাটতে না কাটতেই মাত্র দুই দিন পর একই স্থানে বাস ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষে নিহত হন আরও দুইজন। এরপরও থামেনি দুর্ঘটনা। চলতি বছরের মার্চ মাসের শেষ দিকে একই বাঁকে ট্রাক ও থ্রি-হুইলারের সংঘর্ষে আরও একজন নিহত হন। স্থানীয়দের ভাষায়, ‘সানুহারের বাঁক মানেই আতঙ্ক।’ সানুহার বাজারের ২ এর পাতায় দেখুন

সুস্পষ্ট লঘুচাপ রূপ নিলো নিম্নচাপে, তিন নম্বর সতর্কসংকেত

কীর্তনখোলা ডেস্ক

বঙ্গোপসাগরে অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি নিম্নচাপে রূপ নিয়েছে। এর প্রভাবে দমকা বা ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। এ অবস্থায় সমুদ্রবন্দরগুলোকে ৩ নম্বর স্থানীয় সতর্কসংকেত দেখিয়ে যেতে বলেছে আবহাওয়া অধিদপ্তর। এ বিষয়ে আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ কাজী জেবুন্নেছা গণমাধ্যমকে বলেন, ‘নিম্নচাপটি ঘূর্ণিঝড়ে রূপ নেওয়ার শঙ্কা নেই, গভীর নিম্নচাপ পর্যন্ত যেতে পারে। এটি গভীর নিম্নচাপে রূপ নিয়ে সোমবার (২৭ জুলাই) সন্ধ্যা বা রাতের মধ্যে ওড়িশার উপকূল অতিক্রম করতে পারে। তবে এর প্রভাব দেশের কোস্টাল এরিয়া খুলনা, বরিশাল, চট্টগ্রামে বাতাসের গতি বেশি থাকবে।’ তিনি বলেন, ‘রোববার দুপুর পর্যন্ত দেশের কোথাও ভারী বৃষ্টি নথিবদ্ধ হয়নি। বরিশালের দিকে কিছুটা মেঘ-বৃষ্টি আছে। যশোরে-কক্সবাজারে হালকা বৃষ্টির ২ এর পাতায় দেখুন

বরিশালে সিভিল সার্জনের অপসারণ দাবিতে বিক্ষোভ ও কক্ষে তালা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের নবনিযুক্ত সিভিল সার্জন ডা. মো. মনিরুজ্জামানের নিয়োগের প্রতিবাদ ও অপসারণের দাবিতে বিক্ষোভ ও অবস্থান কর্মসূচি পালন করেছেন বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। রোববার (২৬ জুলাই) বেলা ১১টার দিকে বরিশাল সিভিল সার্জন কার্যালয়ের সামনে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে অংশ নেওয়া শিক্ষার্থীরা জানান, অভিযোগ ও বিতর্কে জড়িত একজন কর্মকর্তাকে বরিশালের সিভিল সার্জনের দায়িত্ব দেওয়া হয়েছে, যা তারা মেনে নেবেন না। তারা একজন যোগ্য, সৎ ও বিতর্কমুক্ত কর্মকর্তাকে এ পদে নিয়োগের দাবি জানান। পরে শিক্ষার্থীরা সিভিল সার্জনের কার্যালয়ে গিয়ে জানতে পারেন, যোগদানের নির্ধারিত শেষ দিন হলেও ডা. মনিরুজ্জামান কার্যালয়ে উপস্থিত হননি। এ সময় তারা ডা. মনিরুজ্জামানের জন্য ২ এর পাতায় দেখুন

২৮ অভিনেতা-অভিনেত্রী ও সাংবাদিকের বিরুদ্ধে ট্রাইব্যুনালে অভিযোগ

কীর্তনখোলা ডেস্ক

২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের অভিযোগে সাংস্কৃতিক অঙ্গনের অভিনেতা-অভিনেত্রী ও সাংবাদিকসহ ২৮ জনের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে অভিযোগ জমা দিয়েছে রাষ্ট্র সংলাপ ফোরাম (এসডিএফ) নামের একটি সামাজিক ও নাগরিক সংগঠন। রোববার (২৬ জুলাই) দুপুরে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর আমিনুল ইসলামের কাছে এ অভিযোগ জমা দেন সংগঠনটির কেন্দ্রীয় সদস্যসচিব আল নূর মোহাম্মদ আয়াস। অভিযোগকারী অন্যরা হলেন- সংগঠনের কেন্দ্রীয় মুখ্য সংগঠক মুহ্যমান শাহ্ আলম বাদশা, কেন্দ্রীয় সংগঠক মহাসিন, জুলাই আহত আবু বকর ছিদ্দিক ওরকে তুহিন ২ এর পাতায় দেখুন

সাবেক রাষ্ট্রপতি হামিদ-সাহাবুদ্দিনের বিরুদ্ধে ট্রাইব্যুনালে অভিযোগ

কীর্তনখোলা ডেস্ক

বিগত আওয়ামী লীগ সরকারের সময়ে মানবতাবিরোধী অপরাধের অভিযোগে সাবেক রাষ্ট্রপতি আবদুল হামিদ ও মো. সাহাবুদ্দিনের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউশনে অভিযোগ দায়ের করা হয়েছে। এছাড়া ‘কালচারাল ফ্যাসিস্ট’ নামে কয়েকজন অভিনেতা-অভিনেত্রীর বিরুদ্ধেও অভিযোগ করা হয়েছে। রোববার (২৬ জুলাই) পৃথকভাবে এসব অভিযোগ দায়ের করে বাংলাদেশ আজাদ পার্টি ও রাষ্ট্রসংলাপ ফোরাম। পরে চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম বলেন, অভিযোগগুলো তো আমি পড়ে দেখিনি। একটা দিয়েছে আজাদ পার্টি। আরেকটা

দিয়েছে রাষ্ট্রসংলাপ ফোরাম। অভিযোগ আমাদের কাছে আসলে আমরা সাধারণত তদন্ত সংস্থার কাছে পাঠিয়ে দিই। এক্ষেত্রেও আমার কাছে উপস্থাপিত হলে সেটা আমি তদন্ত সংস্থায় পাঠিয়ে দেব। এর বাইরে আমি কিছু জানি না। রাষ্ট্রসংলাপ ফোরাম জানায়, সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন (চুপ্পু)-এর বিরুদ্ধে ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থান সংশ্লিষ্ট অভিযোগ দাখিল করা হয়েছে। একইসঙ্গে সংগঠনের পক্ষ থেকে দাবি করা হয়েছে, জুলাই গণঅভ্যুত্থান চলাকালে বা সংশ্লিষ্ট সময়ে বিভিন্ন ব্যক্তি ও সাংস্কৃতিক অঙ্গনের কয়েকজনের ভূমিকা আইনানুগভাবে তদন্ত করা হোক। ফেরদৌস আহমেদ, মেহের ২ এর পাতায় দেখুন

পে স্কেলের প্রজ্ঞাপন চেয়ে আলটিমেটাম

কীর্তনখোলা ডেস্ক

চলতি বছরের আগস্ট মাসের মধ্যে নবম জাতীয় পে স্কেলের গেজেট প্রকাশ না হলে সারা দেশের সরকারি কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে বৃহত্তর কর্মসূচির ঘোষণা দিয়েছে বাংলাদেশ সরকারি কর্মকর্তা-কর্মচারী কল্যাণ সমিতি। রবিবার (২৬ জুলাই) সংগঠনটির সদস্যসচিব আশিকুল ইসলামের পাঠানো এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়। বিবৃতিতে বলা হয়, আগামী আগস্টের মধ্যে নতুন পে স্কেলের প্রজ্ঞাপন জারি না হলে প্রথমে সরকারের সংশ্লিষ্ট ঊর্ধ্বতন মহলের সঙ্গে আলোচনার উদ্যোগ নেওয়া হবে। সেই আলোচনা ফলপ্রসূ না হলে সারা দেশের সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে বৃহত্তর কর্মসূচি ঘোষণা করা হবে। আশিকুল ইসলাম বলেন, সরকারি কর্মকর্তা-কর্মচারীরা দীর্ঘদিন ধরে সময়োপযোগী, বাস্তবসম্মত ও ন্যায্য বেতন কাঠামোর প্রত্যাশা করে ২ এর পাতায় দেখুন

দেশে পাওয়া ৩৪ টুথপেস্টের ২৬টিতেই মিলেছে মাইক্রোপ্লাস্টিক

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশের বাজারে বিক্রি হওয়া ৩৪টি টুথপেস্টের ২৬টিতেই পাওয়া গেছে মাইক্রোপ্লাস্টিক। প্রতি ১০০ গ্রাম টুথপেস্টে প্লাস্টিকের কণা মিলেছে সর্বনিম্ন ২০টি থেকে সর্বোচ্চ ৩২০টি পর্যন্ত। পরীক্ষায় সবচেয়ে বেশি প্লাস্টিকের কণা পাওয়া গেছে মেডিপ্লাস ফ্লুরিড জেলে। পরিবেশ বিষয়ক গবেষণা সংস্থা এনভায়রনমেন্ট অ্যান্ড সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (এসডো) ২ এর পাতায় দেখুন

প্রতি মাসে ১০০ মিলিয়ন ডলার পাচ্ছে আদানি কমছে বিপিডিবির বকেয়া

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের (বিপিডিবি) নিয়মিত অর্থ পরিশোধের কারণে ভারতের আদানি পাওয়ারের বকেয়া কমছে। বর্তমানে প্রতি মাসে গড়ে প্রায় ১০০ মিলিয়ন ডলার (প্রায় ১ হাজার ২৩৪ কোটি টাকা) করে পাচ্ছে কোম্পানিটি। আদানির পক্ষ থেকে বলা হয়েছে, মাসিক বিদ্যুৎ বিলের চেয়ে পরিশোধের পরিমাণ কিছুটা বেশি হওয়ায় বকেয়া আরো কমবে। সম্প্রতি ভারতীয় সংবাদমাধ্যম হিন্দু বিজনেস লাইন-এর এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, চলতি বছরের জুন পর্যন্ত বাংলাদেশে ২ এর পাতায় দেখুন

বঙ্গোপসাগরে মাছ শিকারেও চাঁদাবাজির অভিযোগ

বরগুনা প্রতিনিধি

বরগুনার পাথরঘাটা সংলগ্ন বিষখালী-বলেশ্বর নদীতে যেতে হয় পাথরঘাটাজুড়ে ১২ কিলোমিটার ভাড়ানী খাল থেকে। আর এই ভাড়ানী খাল থেকে ওই এলাকার প্রায় ৪০ হাজার জেলে পার্শ্ববর্তী নদী ও বঙ্গোপসাগরে মাছ শিকারে যায়। এ খাল থেকে যেতে প্রতিনিয়ত নৌ-পুলিশ ফাঁড়িকে ট্রলার প্রতি ২ হাজার ৫০০ থেকে ৩ হাজার টাকা দিতে হয় বলে অভিযোগ স্থানীয় জেলেদের। দীর্ঘ দিন ধরে ভুক্তভোগী জেলে ও ব্যবসায়ীরা এমনটাই অভিযোগ জানিয়ে আসছিলেন। তবে এসব অভিযোগের কোনো সত্যতা পাওয়া যাচ্ছিল না। সেই এলাকাতে এবার চাঁদা দাবির অভিযোগে একটি ভিডিও সামনে এসেছে। নৌ-পুলিশ সদস্যের চাঁদাবাজি অভিযোগে ওই ভিডিও সামনে আসতেই ওই এলাকায় তোলপাড় সৃষ্টি হয়েছে। খোঁজ নিয়ে জানা গেছে, জেলেদের কাছ থেকে চাঁদাবাজির অহরহ অভিযোগ পেয়ে স্থানীয় কয়েকজন সাংবাদিক জেলে সেজে চরদুয়ানী নৌ-পুলিশ ফাঁড়িতে যান। সেখানে এএসআই

কবিরের সঙ্গে সাক্ষাতে একপর্যায়ে তিনি সাগরে মাছ ধরতে হলে চাঁদা দাবি করেন। সেই মুহূর্তে বিষয়টি গোপনে ভিডিও করা ২ এর পাতায় দেখুন



ঝালকাঠি পৌরসভায় উন্নয়ন প্রকল্পের নামে লুটপাটের অভিযোগ

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠি পৌরসভায় উন্নয়ন প্রকল্পের নামে লুটপাট হয়েছে বলে অভিযোগ উঠেছে। খাল খনন, অবকাঠামো উন্নয়ন, ঝালকাঠি চত্বর, নতুন গোরস্থান নির্মাণ, সড়ক সংস্কার ২ এর পাতায় দেখুন

উপসর্গে মৃতের সংখ্যা ৭২৫, নিশ্চিত হামে ৯৫

কীর্তনখোলা ডেস্ক

দেশে হামের উপসর্গ নিয়ে আরও চার শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে হামের উপসর্গে মোট মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৭২৫ জনে। সেই সঙ্গে নিশ্চিত হামে ৯৫ জন মারা গেছে। রোববার (২৬ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে হাম-সংক্রান্ত পরিস্থিতি নিয়ে এক বার্তায় এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, শনিবার সকাল ৮টা থেকে রোববার সকাল ৮টার মধ্যে নিশ্চিত হামে কেউ মারা না গেলেও সন্দেহজনক হামে মারা গেছে চারজন। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে ২ এর পাতায় দেখুন

‘জুলাই ছিলো আগুনমাখা, জুলাই ছিলো রক্ত’

মৌমিতা বিনতে মিজান

২৭ জুলাই ২০২৪।

জুলাই কর্নার

দেশজুড়ে কারফিউ ও ইন্টারনেট বন্ধের মধ্যে সাধারণ মানুষের যাতায়াত ছিলো সীমিত। একইসঙ্গে আইনশৃঙ্খলা বাহিনীর ব্যাপক গণগ্রেফতার ও তল্লাশি অভিযান অব্যাহত ছিলো। আন্দোলনকে ঘিরে বিক্ষোভ, সংঘাত, ভাঙচুর, সংঘর্ষ ও অগ্নিসংযোগের ঘটনায় সারা দেশে সাঁড়াশি অভিযান পরিচালনা করে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। রাজধানীর বিভিন্ন এলাকা ভাগ করে চলে‘ব্লক রেইড’ অভিযান। ২০২৪ সালের এই দিনে নাহিদ ইসলামসহ কোটা সংস্কার ৩ এর পাতায় দেখুন

সম্পাদকীয়

নিয়ন্ত্রণে ব্যাপক পদক্ষেপ নিন

সারা দেশেই আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে শঙ্কা সৃষ্টি হয়েছে। খুন, ধর্ষণ, ডাকাতি, লুটপাট, ছিনতাইয়ের মতো ঘটনায় জনজীবনে আতঙ্ক বিরাজ করছে। এ ছাড়া এলাকায় আধিপত্য বিস্তার, চাঁদাবাজি, মাদক কারবারের নিয়ন্ত্রণ এবং অপরাধী গোষ্ঠীগুলোর অভ্যন্তরীণ দ্বন্দ্ব থেকেও খুনখারাবির অনেক ঘটনা ঘটছে। প্রতিদিনই গণমাধ্যমে এমন অনেক খবর প্রকাশিত হচ্ছে। প্রকাশিত খবরে বলা হয়, রাজধানীর অপরাধজগৎ নিয়ন্ত্রণকারী আন্ডারওয়ার্ল্ডের শীর্ষ সন্ত্রাসীদের নিয়ন্ত্রণে অর্ধশতাধিক শ্যুটার বা পেশাদার হত্যাকারী সক্রিয় রয়েছে বলে তথ্য পেয়েছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। গোয়েন্দা কর্মকর্তাদের ভাষ্য, সাম্প্রতিক সময়ে শীর্ষ সন্ত্রাসী খন্দকার নাঈম আহমেদ টিটন, তারিক সাইফ মামুন, ইয়াছিন খান ওরফে কাইল্লা পলাশসহ অন্তত ১১ জনকে পরিকল্পিতভাবে গুলি করে হত্যা করা হয়েছে। এসব হত্যাকাণ্ডের পেছনে এলাকায় আধিপত্য বিস্তার, চাঁদাবাজি, মাদক কারবারের নিয়ন্ত্রণ এবং অপরাধী গোষ্ঠীগুলোর অভ্যন্তরীণ দ্বন্দ্ব কাজ করেছে বলে তদন্তে উঠে এসেছে। তদন্তসংশ্লিষ্ট সূত্র বলছে, জামিনে থাকা শীর্ষ সন্ত্রাসীরা আড়ালে থেকে পরিকল্পনা ও নির্দেশনা দিয়ে হত্যাকাণ্ড ঘটাচ্ছে। তাদের প্রত্যেকেরই আলাদা 'শ্যুটার' বা 'কিলার গ্রুপ' রয়েছে। এসব গ্রুপের সদস্যদের কাছে ছোট ও ভারীভুই ধরনের আগ্নেয়াস্ত্রই রয়েছে। গোয়েন্দাদের আশঙ্কা, নিকট ভবিষ্যতে তারা এ ধরনের আরো পরিকল্পিত হত্যাকাণ্ড ঘটাতে পারে। দেশের বাইরে থেকেও অনেক হত্যাকাণ্ডের নির্দেশ প্রদান করা হচ্ছে। তদন্তসংশ্লিষ্ট ডিবি সূত্রের দাবি, টিটন হত্যাকাণ্ডের নির্দেশ বিদেশ থেকে এসেছে। ঘটনার প্রায় তিন মাস পর টিটন হত্যা মামলার এজাহারভুক্ত আসামি ভাঙ্গারি রনি ওরফে রনিকে একটি বিদেশি পিস্তলসহ গ্রেপ্তার করেছে ডিবি। ডিবির কর্মকর্তারা বলছেন, রনি শীর্ষ সন্ত্রাসীদের একটি কিলার গ্রুপের সদস্য এবং পেশাদার সন্ত্রাসী বলে তদন্তে তথ্য মিলেছে। হত্যা, হামলাসহ বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ডে সে নির্দেশ বাস্তবায়নের দায়িত্ব পালন করত বলে ধারণা করা হচ্ছে। অন্যদিকে র‍্যাব-২ মিন্টু শেখ নামের আরেক শীর্ষ সন্ত্রাসীকে গ্রেপ্তার করেছে। তার বিরুদ্ধে সন্ত্রাস, ভয় দেখিয়ে চাঁদাবাজি, মাদক কারবারসহ ২৯টি মামলা রয়েছে। গতকাল গণমাধ্যমে প্রকাশিত খবর অনুযায়ী, সীমান্ত দিয়ে বিভিন্ন ধরনের মাদক ও অস্ত্রের চোরাচালান দেশে প্রবেশ করছে। মাদকের কারবার প্রত্যন্ত গ্রামাঞ্চলেও ছড়িয়ে পড়েছে। মাদক কারবারের নিয়ন্ত্রণ নিয়ে যেমন খুনখারাবি বাড়ছে, তেমনি মাদকাসক্তরা মাদক কেনার অর্থ জোগাতে অপহরণ, ছিনতাই, চাঁদাবাজিসহ নানা ধরনের অপরাধে জড়িয়ে পড়ছে। এ ছাড়া সারা দেশেই কিশোর গ্যাংয়ের অপতৎপরতা বেড়েছে। বেড়েছে মোটরসাইকেলসহ যানবাহন চুরি, ছিনতাইয়ের ঘটনা। অজ্ঞান পার্টি, মলম পার্টি এবং নানা ধরনের প্রতারকচক্রের কর্মকাণ্ডও সাধারণ মানুষের জীবনযাত্রা দুর্বিষহ করে তুলেছে। আমরা আশা করি, অপরাধ দমনে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীগুলোর কর্মকাণ্ড ব্যাপক করা হবে। একই সঙ্গে গোয়েন্দা নজরদারি বাড়াতে হবে। মাদক ও অস্ত্রের চোরাচালান রোধে সীমান্তে ব্যাপক কড়াকড়ি আরোপ করতে হবে।

সুস্পষ্ট লঘুচাপ রূপ নিলো

রেকর্ড আছে।' এদিকে, আবহাওয়ার বিশেষ বুলেটিনে বলা হয়, উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও পাশের ওড়িশা-পশ্চিমবঙ্গ উপকূলীয় এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি ঘণীভূত হয়ে একই এলাকায় নিম্নচাপে পরিণত হয়েছে। রোববার দুপুর ১২টায় নিম্নচাপটি চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৪২৫ কিলোমিটার পশ্চিম-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৪১৫ কিলোমিটার পশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ২৪৫ কিলোমিটার পশ্চিম-দক্ষিণপশ্চিমে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ২৬৫ কিলোমিটার পশ্চিম-দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল। পূর্বাভাসে বলা হয়, নিম্নচাপটি উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও আরো ঘনীভূত হতে পারে। তাতে ৪ সমুদ্রবন্দর, উত্তর বঙ্গোপসাগর এবং পাশের বাংলাদেশ উপকূলের ওপর দিয়ে দমকা বা ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। এ ছাড়া নিম্নচাপ কেন্দ্রের ৪৪ কিলোমিটারের মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ৪০ কিলোমিটার, যা দমকা বা ঝোড়ো হাওয়া আকারে ৫০ কিলোমিটার পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। নিম্নচাপ কেন্দ্রের আশপাশের এলাকায় সাগর উত্তাল রয়েছে। চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রাসমুদ্র বন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্কসংকেতই দেখিয়ে যেতে বলা হয়েছে। একই সঙ্গে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার সব নৌকা ও ট্রলারকে দ্রুত নিরাপদ আশ্রয়ে যেতে বলা হয়েছে।

স্থানীয় নির্বাচনে কারচুপির

পরিষদ সদস্য ও ঢাকা মহানগর উত্তরের আমির সেলিম উদ্দিন। আজ রোববার (২৬ জুলাই) রাজধানীর মগবাজারে আল-ফালাহ মিলনায়তনে বিটি সাংবাদিকদের সঙ্গে আয়োজিত এক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। সেলিম উদ্দিন বলেন, 'স্থানীয় সরকার নির্বাচন আগে ঢাকায় দিতে হবে। তা না হলে বুঝতে হবে সরকার জনগণের রায়ের মুখোমুখি হতে ভয় পাচ্ছে। জাতীয় নির্বাচনের মতো স্থানীয় সরকার নির্বাচনেও কারচুপির চেষ্টা করা হলে তা প্রতিহত করা হবে।' তিনি অভিযোগ করেন, 'ঢাকা শহর চাঁদাবাজি ও টেন্ডারবাজির নগরীতে পরিণত হয়েছে। বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকর কোনো পরিকল্পনা নেই, ফলে শহরটি ময়লার ভাগাড়ে পরিণত হচ্ছে। সামান্য বৃষ্টিতেই জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে, যা নগর ব্যবস্থাপনার দুর্বলতার প্রমাণ।' জলাবদ্ধতা ও ময়লা সমস্যার সমাধানে কার্যকর ব্যবস্থা না নেওয়া হলে মাঠে নেমে আন্দোলনের ঘোষণা দেন সেলিম উদ্দিন। পাশাপাশি নাগরিক সেবা উন্নত করা এবং দালালচক্র নির্মূলেরও দাবি জানান তিনি। জুলাই সনদ প্রসঙ্গে জামায়াতের এই নেতা বলেন, বিএনপি অতীতে সংবিধান পরিবর্তনের কথা বললেও এখন সেই সংবিধানকেই আঁকড়ে ধরেছে। তাঁর ভাষায়, জনগণের রায়ই চূড়ান্ত সংবিধান, এর উর্ধ্বে কোনো বিকল্প নেই। তিনি অভিযোগ করেন, জুলাই আন্দোলনের সবচেয়ে বেশি রাজনৈতিক সুবিধা বিএনপি পেলেও ক্ষমতায় এসে জুলাই সনদ বাস্তবায়নের ক্ষেত্রে আন্তরিকতা দেখাচ্ছে না। এর রাজনৈতিক মূল্য দলটিকে দিতে হতে পারে বলেও মন্তব্য করেন তিনি। তিনি বলেন, জুলাইয়ের আকাঙ্ক্ষা বাস্তবায়ন করতে হবে এবং বিরোধী দলের সব বক্তব্যকে নেতিবাচকভাবে না দেখে ইতিবাচক দৃষ্টিতে বিবেচনা করা উচিত। তাঁর মতে, জুলাইয়ের চেতনায় একাত্তরের মুক্তিযুদ্ধের চেতনাও বিদ্যমান। মতবিনিময় সভায় আরও ছিলেন, ঢাকা মহানগরী উত্তরের নায়েবে আমীর আব্দুর রহমান মূসা, সহকারী সেক্রেটারি মাহফুজুর রহমান, নাজিম উদ্দীন মোল্লা, ফখরুদ্দিন মানিক, ইয়াসিন আরাফাত, প্রচার-মিডিয়া সম্পাদক আতাউর রহমান সরকার প্রমুখ।

সাবেক রাষ্ট্রপতিকে গ্রেফতারের

মতো কোনো বিষয় দেখেনি বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, গণঅভ্যুত্থান-পরবর্তী সময়ে রাজনৈতিকভাবে সবার কথা বলার ও প্রতিবাদ করার স্বাধীনতা রয়েছে। তবে সাবেক রাষ্ট্রপতির বিরুদ্ধে যেসব অভিযোগ তোলা হচ্ছে, সেগুলোর মধ্যে সরকারের আমলে নেওয়ার মতো কোনো বক্তব্য নেই। রোববার (২৬ জুলাই) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে পুলিশের সাহসিকতা ও প্রশংসনীয় কাজের স্বীকৃতিস্বরূপ পুরস্কার ও সম্মাননা প্রদান শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সাবেক রাষ্ট্রপতি শারীরিক কারণ দেখিয়ে সংবিধান অনুযায়ী পদত্যাগ করেছেন। তার পদত্যাগপত্রে বিষয়টি বিস্তারিত উল্লেখ করা হয়েছে এবং সাংবিধানিক বিধান অনুসারে তা জাতীয় সংসদের স্পিকারের কাছে জমা দেওয়া হয়। স্পিকার তা গ্রহণ করেছেন এবং বর্তমানে তিনি অস্থায়ীভাবে রাষ্ট্রপতির দায়িত্ব পালন করছেন। তিনি বলেন, রাষ্ট্রপতি দায়িত্ব পালনকালে সংবিধান অনুযায়ী বিশেষ সুবিধা (প্রিভিলেজ) ও দায়মুক্তি (ইমিউনিটি) ভোগ করেন। দায়িত্ব পালনকালীন সময়ের বিষয়ে তার বিরুদ্ধে ফৌজদারি মামলা করা যায় না। তবে দায়িত্বের বাইরের কোনো বিষয়ে কেউ অভিযোগ বা বক্তব্য দিলে তা আইন অনুযায়ী বিবেচিত হবে। সাবেক রাষ্ট্রপতির একটি কথিত অডিও রেকর্ড প্রসঙ্গে প্রশ্ন করা হলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বিষয়টি তারা শুধু পত্রিকায় দেখেছেন। এ বিষয়ে সরকারের কাছে কোনো তথ্যপ্রমাণ নেই। তিনি বলেন, কোনো পত্রিকা যদি এ ধরনের সংবাদ প্রকাশ করে, তাহলে তাদের কাছে কী তথ্যপ্রমাণ আছে, সেটি তাদেরই জিজ্ঞেস করতে হবে। আমাদের কাছে এ ধরনের কোনো তথ্য নেই। সাবেক রাষ্ট্রপতির অতীত দায়িত্ব পালনকালে তার বিরুদ্ধে কোনো অভিযোগ ছিল কি না, এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, দায়িত্ব পালনকালীন সময়ে যদি কোনো বিষয় থেকে থাকে, তা সে সময়কার আইন ও বিধি অনুযায়ী বিবেচিত হবে। এছাড়া সাবেক রাষ্ট্রপতি হিসেবে তিনি আইন অনুযায়ী যেসব সুযোগ-সুবিধা পাওয়ার অধিকারী, সেগুলো তিনি পাবেন। তিনি জানান, সাবেক রাষ্ট্রপতির নিরাপত্তার জন্য আইন অনুযায়ী ছয় মাস পর্যন্ত বিশেষ নিরাপত্তা সুবিধা রয়েছে। এ সময় তিনি এসএসএফ, পিজিআরসহ নির্ধারিত নিরাপত্তা পাবেন। পাশাপাশি পুলিশ ও অন্যান্য আইনশৃঙ্খলা বাহিনীও তার নিরাপত্তা নিশ্চিত করবে। সরকার এক সপ্তাহের বেশি টিকবে না, এক বিরোধী নেতার এমন বক্তব্যের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এক সপ্তাহ পরে কী হয়, সেটার জন্য অপেক্ষা করি। সব বিষয়ে মন্তব্য করার মতো যোগ্য আমি নই। রাজধানীর মতিঝিলে বোমা উদ্ধারের ঘটনায় তদন্তের বিষয়ে তিনি বলেন, বিষয়টি তদন্তাধীন রয়েছে। সাবেক আইজিপি বেনজীর আহমেদের প্রত্যর্পণ-সংক্রান্ত অগ্রগতি সম্পর্কে প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী জানান, সংশ্লিষ্ট বিদেশি কর্তৃপক্ষের চাওয়া তথ্য সরকার দ্রুত পাঠাচ্ছে। প্রথম দফায় ৩০ দিনের মধ্যে যেসব নথি চাওয়া হয়েছিল, সেগুলো তিন দিনের মধ্যেই পাঠানো হয়। পরে সংশ্লিষ্ট আদালত আরও কিছু তথ্য চেয়েছে। সেগুলোর জবাবও এক-দুদিনের মধ্যে পাঠানো হবে বলে তিনি জানান। জুলাই-আগস্টের ঘটনায় স্নাইপার রাইফেল ও ৭ দশমিক ৬২ ক্যালিবারের গুলি ব্যবহারের অভিযোগ নিয়ে প্রশ্ন করা হলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এ বিষয়ে পরে কথা বলবেন।

'বিকাশ-নগদ-রকেটের অতিরিক্ত

নেওয়া কেন অবৈধ, অসাংবিধানিক এবং আইনবিরোধী ঘোষণা করা হবে না,তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। রুলে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের (এমএফএস) সার্ভিস চার্জ, ভোক্তা সুরক্ষা এবং জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে একটি স্বতন্ত্র মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস আইন প্রণয়ন করা হবে না, তাও জানতে চাওয়া হয়েছে। যাতে বিশেষ করে দরিদ্র ও ব্যাংকিং সেবাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য যুক্তিসঙ্গত, ন্যায্য ও সাশ্রয়ী এমএফএস সার্ভিস চার্জ নিশ্চিত করা যায়। রোববার (২৬ জুলাই) বিচারপতি মো. মজিবুর রহমান মিয়া ও বিচারপতি মো. রেজাউল করিমের হাইকোর্ট বেঞ্চ এ রুল জারি করেন। অর্থ সচিব, ডাক ও টেলিযোগাযোগ সচিব, বাংলাদেশ ব্যাংকের গর্ভনরসহ সংশ্লিষ্টদের চার সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে। আদালতে রিটের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট ওবায়দুল্লাহ আল মামুন সাকিব। এর আগে এই আইনজীবী নিজেই রিটটি দায়ের করেন।

রাজনৈতিক মতাদর্শের উর্ধ্বে

দক্ষতা, সততা ও যোগ্যতাকে অগ্রাধিকার দেওয়ার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (২৬ জুলাই) সকালে সেনাসদর দপ্তরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে 'সেনাসদর নির্বাচনী পর্ষদ-২০২৬' এর আনুষ্ঠানিক উদ্বোধনকালে তিনি এ নির্দেশনা দেন। জানা গেছে, প্রথম পর্বের এই পদোন্নতি পর্ষদে বাংলাদেশ সেনাবাহিনীর কর্নেল থেকে ব্রিগেডিয়ার জেনারেল এবং লেফটেন্যান্ট কর্নেল থেকে কর্নেল পদবির যোগ্য কর্মকর্তারা পরবর্তী পদোন্নতির জন্য বিবেচিত হবেন। উদ্বোধনী অনুষ্ঠানে নির্বাচনী পর্ষদের সদস্যদের উদ্দেশে প্রধানমন্ত্রী বলেন, পদোন্নতির ক্ষেত্রে ব্যক্তিগত পছন্দ-অপছন্দ ও রাজনৈতিক মতাদর্শের উর্ধ্বে উঠতে হবে। অফিসারদের পেশাগত দক্ষতা, নেতৃত্বের গুণাবলী, শৃঙ্খলার মান, সততা, বিশ্বস্ততা, আনুগত্য এবং সর্বোপরি নিযুক্তিগত উপযুক্ততার ওপর সর্বোচ্চ গুরুত্ব দিয়ে পদোন্নতি বিবেচনা করতে হবে। এর আগে বক্তব্যের শুরুতে প্রধানমন্ত্রী মহান স্বাধীনতার ঘোষক, বীর মুক্তিযোদ্ধা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী খালেদা জিয়াকে স্মরণ করেন। একইসঙ্গে তিনি মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী সব শহীদ, যুদ্ধাহত ও বীর মুক্তিযোদ্ধা, বিশেষ করে সশস্ত্র বাহিনীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। পার্বত্য চট্টগ্রামে দায়িত্ব পালনকালে আহত ও নিহত সেনাসদস্যদেরও তিনি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন। দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় সেনাবাহিনীর ভূমিকার ভূয়সী প্রশংসা করে তারেক রহমান বলেন, বাংলাদেশ সেনাবাহিনী তাদের মূল দায়িত্ব পালনের পাশাপাশি দেশের অভ্যন্তরীণ শান্তি-শৃঙ্খলা রক্ষা, স্থিতিশীলতা বজায় রাখা এবং যেকোনো দুর্যোগ মোকাবিলায় বেসামরিক প্রশাসনকে সহায়তায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। দেশের প্রয়োজনে আত্মত্যাগের জন্য সেনাপ্রধান থেকে শুরু করে সেনাবাহিনীর সব সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানান তিনি। এর আগে প্রধানমন্ত্রী সেনাসদর দপ্তরে পৌঁছালে তাকে স্বাগত জানান সেনাবাহিনী প্রধান এবং চিফ অব জেনারেল স্টাফ (সিজিএস)। শত কর্মব্যস্ততার মাঝেও উপস্থিত হয়ে নির্বাচনী পর্ষদ উদ্বোধন করায় প্রধানমন্ত্রীর প্রতি বিশেষ কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন সেনাপ্রধান। সেনাসদর নির্বাচনী পর্ষদের এই উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল ড. একেএম শামছুল ইসলাম, পিএসসি, জি (অব.)-সহ উর্ধ্বতন সামরিক কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে প্রধানমন্ত্রী সেনাবাহিনীর উপস্থিত কর্মকর্তাদের সঙ্গে ফটোসেশনে অংশ নেন এবং পরিদর্শন বইয়ে মন্তব্য লিপিবদ্ধ করেন।

২৮ অভিনেতা-অভিনেত্রী ও সাংবাদিকের

ফরাজী। অভিযুক্তরা হলেন- অভিনেতা আসাদুজ্জামান নূর, আজিজুল হাকিম, ফেরদৌস আহমেদ, রিয়াজ আহমেদ, সাইমন সাদিক, জায়েদ খান, অভিনেতা, সাজু খাদেম, অভিনেত্রী মেহের আফরোজ শাওন, অরুণা বিশ্বাস, শমী কায়সার, রোকেয়া প্রাচী, মাহিয়া মাহি, নিপুণ আক্তার, তানভীন সুইটি, হৃদি হক, জ্যোতিকা জ্যোতি, সোহানা সাবা, পিয়া জান্নাতুল, শামীমা তুষ্টি, আশনা হাবীব ভাবনা, হিরো আলম, সুজাতা আজিম, চন্দন রেজা, মারিয়া কিসপট্টা, শান্তা ফারজানা, সাংবাদিক আনিস আলমগীর, মোমিন মেহেদী ও সোমা ইসলাম। অভিযোগে বলা হয়, জুলাই গণঅভ্যুত্থানে সংঘটিত মানবতাবিরোধী অপরাধ, গণহত্যায় প্ররোচনা, সহযোগিতা, উসকানি বা সংশ্লিষ্ট অপরাধে জড়িত রয়েছেন এসব তারকারা। এসব অভিযোগের বিষয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের মাধ্যমে নিরপেক্ষ, স্বচ্ছ ও আইনানুগ তদন্তের স্বার্থে এ অভিযোগ দাখিল করেছি। এ বিষয়ে আল নূর মোহাম্মদ আয়াস সাংবাদিকদের বলেন, বরাবরের মতোই জুলাই গণঅভ্যুত্থানকে কটাক্ষ করছেন শান্তা ফারজানা, মোমিন মেহেদীসহ বেশ কিছু তারকা। অথচ ৫ আগস্টের দিনই শেখ হাসিনাসহ আওয়ামী লীগের পতন হয়েছিল। আগামীতে আওয়ামী লীগ কোনোভাবে ফিরবে না। কিন্তু এই দোসররা মাঝে মাঝে আইনজীবী বা শিক্ষাবিদ হয়ে ফিরে আসার চেষ্টা করছেন। আমরা সেটি হতে দেবো না।

হামের উপসর্গে মৃতের সংখ্যা

এখন পর্যন্ত হাম-সংক্রান্ত রোগে প্রাণহানির সংখ্যা দাঁড়িয়েছে ৮২০ জনে। এছাড়া, নতুন করে নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ১৭০ জনের। যার ফলে এখন পর্যন্ত এমন রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১৫ হাজার ৪৪২ জন। একই সঙ্গে নতুন করে সন্দেহজনক হামের রোগী শনাক্ত হয়েছে ৯৯০ জন। এ নিয়ে এমন রোগীর সংখ্যা এখন পর্যন্ত পৌঁছেছে এক লাখ ২৩ হাজার ৭৫৩ জনে। প্রতিবেদনে বলা হয়, ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সন্দেহজনক হাম রোগ নিয়ে হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা এক লাখ ছয় হাজার ২৩৯ জন। তাদের মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল ত্যাগ করেছে এক লাখ দুই হাজার ৪৬৭ জন। বিভাগভিত্তিক হিসাব অনুযায়ী, নিশ্চিত হামে সবচেয়ে বেশি ৫৯ রোগী মারা গেছে ঢাকায়। এছাড়া বরিশালে ১৯, চট্টগ্রামে ১০, সিলেটে তিন এবং ময়মনসিংহ ও রাজশাহীতে দুজন করে মৃত্যুবরণ করেছে।

ঝালকাঠি পৌরসভায় উন্নয়ন

ও পুনর্নিমাণ, ড্রেনেজ ব্যবস্থাপনা ও ফুটপাত নির্মাণে ৬ কোটি ১৫ লাখ টাকার প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্প বাস্তবায়ন ও মানবিক দান-অনুদান সহায়তা বাবদ কয়েক লাখ টাকা দানের নামে সিংহভাগ আত্মসাৎ করা হয়েছে এবং সচেতন মহল যাতে প্রতিটি প্রকল্পের কোনটাতে কি পরিমাণ বরাদ্দ তা জানতে না পারে, এজন্যেই নামফলক বা ভিত্তি ফলকে বরাদ্দ উল্লেখ করা হয়নি বলে অভিযোগ উঠেছে। তথ্যানুসন্ধানে জানা গেছে, ২০২৪ সালের ৫ আগস্ট সরকার পরিবর্তনের পর সারাদেশের মতো ঝালকাঠি পৌরসভার মেয়রকেও অপসারণ করে নতুন প্রশাসক নিয়োগ দেওয়া হয়। প্রশাসক পদে আসীন হন ঝালকাঠির অতিরিক্ত জেলা প্রশাসক (স্থানীয় সরকার ও সার্বিক) মো. কাওছার হোসেন। ২০২৬ সালের ১৩ জুলাই পর্যন্ত দায়িত্ব পালন করেন তিনি। এর আগে, ২০২৪-২০২৫ অর্থবছরে ১ কোটি ৩৩ লাখ টাকা বরাদ্দে পৌর এলাকার ৭টি খাল খননের টেন্ডার দিয়ে ২৮ আগস্ট কাজ উদ্বোধন করেন তৎকালীন জেলা প্রশাসক ফারাহ গুল নিঝুম। ৬টি খালের খনন কাজ শুরু করে মাঝপথে থেমে যায় প্রকল্পটি। একটি খাল খনন কাজ শুরুই করতেই পারেনি ঠিকাদারি প্রতিষ্ঠান। এ নিয়ে পৌর কর্তৃপক্ষ এবং একে অপরকে দোষারোপ করছে। এছাড়া, ৬টি খাল এলোমেলো খনন করে ফেলে রাখায় বর্তমান বর্ষা মৌসুমে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। ময়লা আবর্জনায় খালগুলো নর্দমায় পরিণত হয়ে মশা প্রজনন কেন্দ্রে পরিণত হয়েছে। বরাদ্দের অর্ধেক পরিমাণ কাজ না হলেও, ঠিকাদারি প্রতিষ্ঠান আজমিরী বিল্ডার্সকে ৭০ লাখ টাকার বিল পরিশোধ করে পৌর কর্তৃপক্ষ। ২০২৫-২৬ অর্থবছরে রাস্তা কার্পেটিং এবং সিসি ঢালাইসহ মোট ৩.৬ কিলোমিটার রাস্তার সংস্কার, ৮৫০ মিটার ড্রেন নির্মাণ, ৫০০মিটার ফুটপাত নির্মাণ এবং ১১টি অন্যান্য অবকাঠামো নির্মাণে বরাদ্দ করা হয়েছে ৩ কোটি ২৬ লাখ টাকা, যার কাজের বিল হিসেবে ইতোমধ্যে ২ কোটি ৫ লাখ টাকা পরিশোধও করা হয়েছে। এছাড়াও, পৌরসভার জরুরি মেরামত বাবদ এডিবি প্রকল্পের ১ কোটি ৩৬ লাখ টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। ২০ লাখ টাকায় ৮৭৫ মিটার পিচঢালাই রাস্তা কার্পেটিং বরাদ্দ দেয় পৌর প্রশাসক মো. কাওছার হোসেন। নিম্নমানের সামগ্রী দিয়ে নামমাত্র দায়সারা কাজ করিয়ে অভূতপূর্ব লুটপাট করা হয়েছে বলে অভিযোগ পৌরবাসিন্দাদের। এসব কাজের বড় বড় প্রকল্প দেওয়া হয়েছে জেলার বাইরে প্রশাসকের ঘনিষ্ঠজনকে, এমনটাই অভিযোগ তাদের। মনির হোসেন বলেন, 'খাল খননের নামে খালগুলোকে নষ্ট করে রেখেছে। সেখানে এখন মশার প্রজনন কেন্দ্র তৈরি হয়েছে, যার জন্য ঝালকাঠিতে ডেঙ্গু রোগী দিন দিন বেড়েই চলছে। অন্যদিকে, পৌরসভার রাজস্ব থেকে খাল খননের নামে লাখ লাখ টাকা দুর্নীতি হয়েছে।' কলেজ রোডের বাসিন্দা হুমায়ুন কবীর বাদল বলেন, 'শহরের ফায়ার সার্ভিস মোড় থেকে কলেজ মোড় পর্যন্ত রাস্তা কার্পেটিং কাজ শেষ হতে না হতেই আস্তর উঠে যাচ্ছে। পৌরসভায় অনেক কাজ করিয়েছি বলে পুরোটাই নিজের নাম প্রকাশের কর্মযজ্ঞ হয়েছে। মূলত জনগণের টাকায় উন্নয়নের নামে লুটপাট করা হয়েছে এবং ভোগান্তি আরও বেড়েছে।' জেলা ছাত্রদলের যুগ্মআহ্বায়ক মুবিনুল ইসলাম সাদ্দাম বলেন, 'কাওছার সাহেবের আমলে তার ঘনিষ্ঠজন এবং পৌরসভার কিছু আত্মীয় ছিল কাজ ভাগিয়ে নিতে। এক টাকার কাজও সিন্ডিকেটের বাইরে যায়নি।' আমিনুল ইসলাম সুমন বলেন, 'কয়েক বছর আগে যেই রাস্তার সংস্কার ২ লাখ ৮০ হাজার টাকায় করা হয়েছিল, সেই রাস্তা করেছে ১৭ লাখ টাকা ব্যয়ে। যদি নামফলক বা ভিত্তিফলক দেয়, তাহলে তো থলের কালো বিড়াল বের হয়ে যাবে।' মুক্তিযুদ্ধ গবেষক, জেলা সুজন সম্পাদক ও টিআইবির সনাক সদস্য ইসমাঈল মুসাফির বলেন, 'খাল খননে বরাদ্দ হওয়া ১ কোটি ৩৩ লাখ টাকার কাজ শেষ না করেই ৭০ লাখ টাকার চলমান বিল উত্তোলনের মানে হলো, অর্ধেকেরও বেশি টাকা তুলে নেওয়া হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তারই জবাব দেওয়া উচিত, এটি কীভাবে সম্ভব হলো। আর পৌরসভার অবকাঠামো উন্নয়নের নামফলকে বা পাশে বড় সাইনবোর্ডে অর্থ বরাদ্দের কথা উল্লেখ করতে অন্তত নীতিগতভাবে হলেও পৌরসভা বাধ্য। এছাড়া, পৌরসভার রাস্তা মেরামতে অনিয়মের বিষয়টি একেবারে স্পষ্ট। এই সব কটি বিষয়ে সুজনের পক্ষ থেকে আমরা পৌর কর্তৃপক্ষের কাছে ব্যাখ্যা চাইব এবং টিআইবির সনাক সভায় বিষয়গুলো নিয়ে আলোচনা করে নিয়মতান্ত্রিক পদক্ষেপ নেওয়া হবে।' ঝালকাঠি পৌরসভার সহকারী প্রকৌশলী টি. এম রেজাউল হক রিজভী বলেন, 'খাল খননের পরিমাণ হয়েছে ৫৩%। তাই তাদের কাজের চলমান বিল দেওয়া হয়েছে। রাস্তার কার্পেটিং নির্মাণের পরে উঠে যাওয়ার বিষয়টি নিয়ে ঠিকাদারি প্রতিষ্ঠান আজমিরী বিল্ডার্সকে নোটিশ দেওয়া হয়েছে। প্রক্রিয়া অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। অন্যান্য কাজের গুণগত মান রক্ষায় আমরা সর্বোচ্চ চেষ্টা করেছি। যদি কোনো ত্রুটি থাকে, তাহলে সংশ্লিষ্ট ঠিকাদারকে অবশ্যই কৈফিয়ত দিতে হবে।' এ ব্যাপারে ঝালকাঠির অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও সাবেক পৌর প্রশাসক মো. কাওছার হোসেনের মুঠোফোনে একাধিকবার কল দিলেও রিসিভ করেননি।

বঙ্গোপসাগরে মাছ শিকারেও

হয়। পরে এই ভিডিও হোয়াটস্ অ্যাপসহ বিভিন্ন মাধ্যমে স্থানীয় গণমাধ্যমকর্মীসহ স্থানীয়দের মধ্যে ছড়িয়ে পড়ে। ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা গেছে, লুঙ্গি ও শার্ট ফাঁড়িতে আয়েশি ভঙ্গিতে বসে আছেন এসএসআই কবির। এসময় তিনি পায়ের ওপর পা তুলে ছদ্মবেশী জেলের সঙ্গে আলাপচারিতার এক পর্যায়ে টাকা গুণছেন। জেলে, ব্যবসায়ী ও স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা গেছে, দেশের সর্ব দক্ষিণের জেলা বরগুনা। এই বরগুনার নদীবেষ্ঠিত উপজেলা পাথরঘাটা। যার পূর্বে বিষখালী পশ্চিম বলেশ্বর এবং দক্ষিণ এ বিশাল বঙ্গোপসাগর। এছাড়াও বলেশ্বর ও বিষখালী নদীকে সংযুক্ত করেছে পাথরঘাটার ১২ কিলোমিটার বাড়ানী খাল। প্রতিদিন এই নৌ-পথে দিয়ে চলাচল করে শত শত মাছ ধরার ট্রলার, স্টিলের ট্রলার, ছোট জাহাজসহ বিভিন্ন নৌযান। আর এই পথেই দীর্ঘদিন ধরে চরদুয়ানী নৌ-পুলিশ ফাঁড়ির নামে চাঁদা আদায়ের অভিযোগ করছেন জেলে, কাঠ ব্যবসায়ীরা ও ট্রলার মালিকরা। এই অঞ্চলের বেশিরভাগ মানুষ মাছ ধরার সঙ্গে জড়িত। দীর্ঘদিন ধরে এখানকার জেলে ও ব্যবসায়ীদের অভিযোগ, এই নদী ও সমুদ্রে সঙ্গে যুদ্ধে নেমে মাছ শিকার করলেও কূলে ফিরে এসে প্রতি ট্রিপেই নৌ-পুলিশ ফাঁড়িকে ২ হাজার ৫০০ থেকে ৩ হাজার টাকা করে দিতে হয়। তাছাড়া এ পাথরঘাটা রয়েছে দেশের দ্বিতীয় বৃহত্তম মৎস্য অবতরণ কেন্দ্র। সব জেলেরা মাছ শিকার করে এই মৎস্য ঘাটে বিক্রির জন্য নিয়ে আসেন। এখানে বিক্রি করে নদী বঙ্গোপসাগরে মাছ শিকার যেতে হলে তাদেরকে টাকা দিয়ে যেতে হয়। তাদের নির্ধারিত অংকের টাকা না দিলে মামলা-হামলাসহ এবং বৈধ কালকে অবৈধ বলে পুড়িয়ে ফেলা হয়। আজাদ ও সোহেল নামে দুজন কাঠ ব্যবসায়ী বলেন, আমরা প্রতি মাসে কয়েকবার এই খাল দিয়ে চলাচল করি। বিভিন্ন গ্রামগঞ্জ থেকে লাকড়ি সংগ্রহ করে খুলনা, সাতক্ষীরাসহ বিভিন্ন এলাকায় বিক্রি করতে নিয়ে যাই নদী পথ দিয়ে। বিভিন্ন সময় প্রতি ট্রিপে জাহাজ প্রতি দিতে হয় ২০০০ টাকা থেকে ৩০০০ হাজার টাকা। প্রত্যেকটি ট্রিপে আমি একা নয়, এরকম অনেক ভুক্তভোগী কাঠ ব্যবসায়ী রয়েছেন। আমরা চাই এই চাঁদাবাজি বন্ধ হোক। জেলে জাকির হোসেন এবং নাম প্রকাশে অনিচ্ছুক আরও অনেকে জানান, ছোট কাঠের নৌকা এবং স্টিল বডি ট্রলার থেকে মাসে দেড় হাজার থেকে আড়াই হাজার টাকা, মাছ ধরার ট্রলার থেকে এক হাজার থেকে দেড় হাজার টাকা এবং বড় নৌযান থেকেও নির্ধারিত অঙ্কের টাকা নেওয়া হয়। টাকা না দিলে মামলা, হয়রানি কিংবা নৌযান আটকে দেওয়ার ভয় দেখানোরও অভিযোগ রয়েছে। উপজেলায় দুটি মৎস্য বন্দরের একটি মৎস্য বন্দর চরদুয়ানী বাজারে অবস্থিত। যার কারণে জেলেদের চলাচল অনেক বেশি। খালের দুই মাথায় দুই নদী এবং উপজেলার একমাত্র নদীপথে চলাচলের মাধ্যমেই খাল, এই খালের শেষ মাথায় রয়েছে বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম মৎস্য অবতরণ কেন্দ্র। এ বিষয়ে অভিযুক্ত এএসআই কবিরের বক্তব্য নিতে চরদুয়ানি পুলিশ ফাঁড়িতে গেলে তাকে পাওয়া যায়নি। পরে মুঠোফোনে কল করে জেলেদের কাছ থেকে টাকা নেওয়ার বিষয়ে জানতে চাইলে 'দূরে আছি' বলে ফোন কেটে দেন তিনি। পরে আবারও মুঠোফোনে যোগাযোগ করার চেষ্টা করা হলেও তার সাড়া পাওয়া যায়নি। চরদুয়ানী নৌ-পুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. গজনবীর কাছে জানতে চাইলে তিনি অস্বীকার করে বলেন, এরকম কোন চাঁদা নেওয়ার আমার জানা নেই। ভিডিওতে টাকা লেনদেনের দৃশ্য এবং একাধিক কল রেকর্ড শুনিয়ে চাঁদাবাজির বিষয়ে প্রশ্ন করা হলে এই পুলিশ কর্মকর্তা বলেন, এই ঘটনা আমার জানা নেই। যদি কেউ এরকম করে থাকে তাহলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে। পাথরঘাটা উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা হাসিবুল হক বলেন, জেলেদের কাছ থেকে নৌ-পুলিশের টাকা নেওয়ার বিষয়টি আমরা সবসময় মুখে মুখে শুনি। তবে বিষয়টি এখন পর্যন্ত আমাদের কাছে ধরা পড়েনি। আপনার থেকে যখন ভিডিও দেখেছি বিষয়টি নিয়ে আমি উপজেলা মিটিংয়ে তুলে ধরবো। যাতে করে এই অসাধু কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হয়। বরগুনা জেলা মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী বলেন, আমাদের জেলেদের কাছ থেকে সব সময়ই অসাধু নৌ-পুলিশ ফাঁড়ির কর্মকর্তারা টাকা নিয়ে থাকেন। বিষয়টি নতুন কিছু নয়। তাদেরকে টাকা দিতে না পারলে মাছ শিকার করতে দেওয়া হয় না এবং বিভিন্নভাবে হয়রানি করা হয়। জেলেরা এমনিতেই নিঃস্ব হয়ে গেছে। এর উপরে, মরার উপর খরার ঘা। যেখানে জেলেদের নিরাপত্তার জন্য রাখা হয়েছে নৌ-পুলিশের ফাঁড়ি, সেখানে রক্ষকই ভক্ষক। আমরা এই অসাধু নৌ-পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার দাবি জানায়।

দেশে পাওয়া ৩৪ টুথপেস্টের

দীর্ঘ ১ বছর ধরে গবেষণা চালিয়ে এই তথ্য প্রকাশ করেছে। রোববার (২৬ জুলাই) এসডো কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে থেকে এসব তথ্য জানানো হয়। সংস্থাটি জানায়, সারাদেশের ২৭৬০ জন ভোক্তার ওপর জরিপ চালানোর পাশাপাশি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিবেশবিজ্ঞান বিভাগের ইনভাইরনমেন্টাল হেলথ অ্যান্ড ইকোটক্সিকোলজি ল্যাবরেটরিতে স্টিরিওমাইক্রোস্কোপি ও ফুরিয়ার ট্রান্সফর্ম ইনফ্রারেড স্পেকট্রোস্কোপি ব্যবহার করে এই বৈজ্ঞানিক গবেষণা চালিয়েছে তারা। গবেষণা প্রতিবেদনে জানানো হয়, পরীক্ষা করা টুথপেস্টগুলোর মধ্যে বাংলাদেশে উৎপাদিত ২৫টির ২২টিতে, ভারতে উৎপাদিত ৫টির ১টিতে থাইল্যান্ডে উৎপাদিত ২টির ১টিতে এবং ভিয়েতনামের ২টির ২টিতেই মাইক্রোপ্লাস্টিক পাওয়া গেছে। বিশেষ করে শিশুদের জন্য তৈরি করা ৬টি টুথপেস্টের ৪টিতেই মাইক্রোপ্লাস্টিক পাওয়া গেছে। গবেষণা ফলাফলে জানানো হয়, প্রতি ১০০ গ্রাম টুথপেস্ট পরীক্ষা করো সবচেয়ে বেশি ৩২০টি মাইক্রোপ্লাস্টিক (প্লাস্টিক কণা) পাওয়া গেছে মেডিপ্লাস ফ্লুরিড জেলে। এছাড়া ক্লোজ আপ রেড হট-এ ১৬০টি, ক্লোজ আপ মেন্থল ফ্রেশ-এ ১৬০টি, কুডুমু আল্ট্রা শিল্ড ফর্মুলা স্ট্রবেরিতে ১৪০টি, সিগনাল গ্রিন টি-তে ১২০টি, পেপসোডেন্ট এডভান্স সল্ট-এ ১০০টি, হিমালায়া কমপ্লিট কেয়ার-এ ১০০টি এবং সেনসোডাইন ফ্রেশ মিন্টে ৮০টি মাইক্রোপ্লাস্টিক পাওয়া গেছে। শিশুদের জন্য তৈরি করা টুথপেস্টের মধ্যে কুডুমু আল্ট্রা শিল্ড ফর্মুলায় ১৪০টি, মেরিল বেবি স্ট্রবেরিতে ৬০টি, মেরিল বেবি ওরেন্জে ৪০টি, পেপসোডেন্ট কিড ওরেঞ্জে ২০টি প্লাস্টিক কণা পাওয়া গেছে। গবেষণায় বাংলাদেশে উৎপাদিত টুথপেস্টগুলোর মধ্যে জেনফ্রেশ, প্যারাসুট যাস্ট ফর বেবি (ম্যাঙ্গো), ক্লোজ আপ রেড হট জিঙ্ক ফ্রেশ টেকনোলজিতে মাইপ্লাস্টিক পাওয়া যায়নি। এছাড়াও শিশুদের জন্য আমদানিকৃত কুডুমু অরেঞ্জেও শনাক্তযোগ্য মাইক্রোপ্লাস্টিক পাওয়া যায়নি বলে জানিয়েছে সংস্থাটি।

প্রতি মাসে ১০০ মিলিয়ন

বিদ্যুৎ সরবরাহ বাবদ আদানি পাওয়ারের পাওনা ছিল প্রায় ৪০০ মিলিয়ন ডলার, যা বাংলাদেশি মুদ্রায় প্রায় ৫ হাজার কোটি টাকা। আদানি পাওয়ারের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) এস বি খালিয়া বলেন, বিপিডিবি নিয়মিত অর্থ পরিশোধ করছে। গত মাসেও বাংলাদেশ ১০০ মিলিয়ন ডলার পরিশোধ করেছে। তিনি বলেন, গত অর্থবছরের প্রথম দিকে পাওনার পরিমাণ বেশি থাকলেও জুন ও জুলাইয়ে বড় অঙ্কের অর্থ পরিশোধের কারণে বকেয়া অনেকটাই কমেছে। এদিকে, দুই পক্ষের মধ্যে কিছু অমীমাংসিত বিষয় সমাধানে সিঙ্গাপুর ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টারে (এসআইএসি) আবেদন করেছে আদানি পাওয়ার। বিষয়টি সমাধানে উভয় পক্ষই প্রতিনিধি নিয়োগ করেছে। ভারতের ঝাড়খণ্ডের গোড্ডায় অবস্থিত আদানি পাওয়ারের দুটি ইউনিট থেকে বাংলাদেশে প্রতিদিন সর্বোচ্চ প্রায় ১ হাজার ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। দেশের বিদ্যুৎ চাহিদা পূরণে এ বিদ্যুৎ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

পে স্কেলের প্রজ্ঞাপন

আসছেন। কিন্তু এখনো নতুন পে স্কেল বাস্তবায়নের প্রজ্ঞাপন জারি না হওয়ায় তাদের মধ্যে উদ্বেগ ও অনিশ্চয়তা তৈরি হয়েছে। তিনি প্রশ্ন রাখেন, নতুন পে স্কেল বাস্তবায়নের প্রজ্ঞাপন কোথায় আটকে আছে? তিনি বলেন, দীর্ঘদিনের এই প্রত্যাশা পূরণে সরকারের দ্রুত ও কার্যকর উদ্যোগ নেওয়া জরুরি। নতুন বেতন কাঠামো বাস্তবায়িত হলে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জীবনমান উন্নয়নের পাশাপাশি কর্মদক্ষতা এবং জনসেবার মান আরো বৃদ্ধি পাবে বলে তিনি আশা প্রকাশ করেন। আশিকুল ইসলাম আরো বলেন, 'বাংলাদেশ সরকারি কর্মকর্তা-কর্মচারী কল্যাণ সমিতি সব সময় শান্তিপূর্ণ, দায়িত্বশীল ও গণতান্ত্রিক কর্মসূচিতে বিশ্বাসী। সে কারণে প্রথমে আলোচনার মাধ্যমে একটি গ্রহণযোগ্য সমাধানে পৌঁছানোর চেষ্টা করা হবে। তবে সেই উদ্যোগ ব্যর্থ হলে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের স্বার্থে পরবর্তী করণীয় নির্ধারণ করে দেশব্যাপী বৃহত্তর কর্মসূচি ঘোষণা করা হবে।'

সাবেক রাষ্ট্রপতি হামিদ-সাহাবুদ্দিনের

আফরোজ শাওন, রিয়াজ আহমেদ, অরুণা বিশ্বাস, আনিস আলমগীর, সোমা ইসলাম, মারিয়া কিসপট্টা, পিয়া জান্নাতুল, শান্তা ফারজানা , মোমিন মেহেদী বেশ কিছু ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ আনেন তারা।

বরিশালে সিভিল সার্জনের অপসারণ

নির্ধারিত কক্ষের দরজায় তালা ঝুলিয়ে প্রতিবাদ জানান। বিক্ষোভে অংশ নেওয়া বিএম কলেজের শিক্ষার্থী সাব্বির হোসেন বলেন, যার বিরুদ্ধে নানা অভিযোগ রয়েছে, তাকে বরিশালের মতো গুরুত্বপূর্ণ জেলার স্বাস্থ্য বিভাগের দায়িত্ব দেওয়া কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। আমরা চাই, একজন সৎ ও বিতর্কমুক্ত কর্মকর্তাকে সিভিল সার্জন হিসেবে নিয়োগ দেওয়া হোক। আরেক শিক্ষার্থী লাবণ্য আক্তার বলেন, বরিশালের মানুষ উন্নত স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার রাখে। জনস্বার্থে বিতর্কিত কর্মকর্তাকে অপসারণ করে নতুন সিভিল সার্জন নিয়োগ দিতে হবে। শিক্ষার্থী নাঈম ইসলাম বলেন, ফ্যাসিস্ট আমলে তিনি শিক্ষার্থীদের ওপর নির্যাতন চালিয়েছেন। এমন দুর্নীতিগ্রস্ত ও বিতর্কিত ব্যক্তিকে বরিশালে দেখতে চাই না। বিএম কলেজের শিক্ষার্থী সাব্বির হোসেন সোহাগ ও লাবণ্য আক্তার, হাতেম আলী কলেজের মো. হাসিব এবং বরিশাল কলেজের শাওনসহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এ কর্মসূচিতে নেতৃত্ব দেন। কর্মসূচি শেষে শিক্ষার্থীরা দ্রুত ডা. এস এম মনিরুজ্জামান শাহিনের অপসারণ এবং বরিশালের সিভিল সার্জন পদে একজন যোগ্য ও বিতর্কমুক্ত কর্মকর্তাকে নিয়োগের দাবি জানান। দাবি পূরণ না হলে আরও কঠোর কর্মসূচি দেওয়ার ঘোষণাও দেন তারা।

বরিশাল-কুয়াকাটা মহাসড়কে

প্রবীণ ব্যবসায়ী মো. ছগির প্রায় দুই যুগ ধরে এই মহাসড়কের পাশে ব্যবসা করছেন। তিনি বলেন, কত মানুষ যে মরতে দেখেছি, তার হিসাব নেই। দুর্ঘটনার শব্দ শুনলেই মনে হয় আবার হয়তো কেউ বাঁচল না। শুধু সানুহার নয়, বামরাইল, নতুন শিকারপুর, জয়শ্রী, ইচলাদী উজিরপুরেই অন্তত আটটি ভয়ঙ্কর বাঁক রয়েছে। প্রায় প্রতিটি বাঁকেই মানুষ মারা গেছে। স্থানীয়দের তথ্য অনুযায়ী, গৌরনদীর ভুরঘাটা, টরকী, আশোকাঠি, মাহিলাড়া, বাটাজোড়, পিঙ্গলাকাঠি, বাবুগঞ্জের নতুনহাট, রহমতপুর, এয়ারপোর্ট মোড়, ক্যাডেট কলেজ এলাকা, বরিশাল সদরের কাশীপুর, গড়িয়ারপাড়, দপদপিয়া, নলছিটি জিরো পয়েন্ট, বাকেরগঞ্জের লক্ষীপাশা, বোয়ালিয়া, চরামদ্দি, আমতলীর শাখারিয়া, কলাপাড়ার মহিষাকাটা, চুনাখালী ও কেঁওড়াবুনিয়াসহ বহু স্থানের বাঁক এখন দুর্ঘটনার 'ব্ল্যাক স্পট' হিসেবে পরিচিত। সড়ক ও জনপথ বিভাগের তথ্য অনুযায়ী, পদ্মা সেতু চালুর আগে এই মহাসড়কে প্রতিদিন ১৬ থেকে ১৯ হাজার যানবাহন চলাচল করত। বর্তমানে সেই সংখ্যা বেড়ে ২৫ থেকে ৩০ হাজারে পৌঁছেছে। ঈদ ও দীর্ঘ ছুটিতে এই সংখ্যা প্রায় দ্বিগুণ হয়। অথচ সড়কটি এখনো দুই লেনের। অধিকাংশ অংশে প্রস্থ মাত্র ২৪ ফুট। ফলে এক্সপ্রেসওয়ে থেকে দ্রুতগতিতে আসা যানবাহন সরু মহাসড়কে প্রবেশ করেই একের পর এক তীক্ষ্ণ বাঁকের মুখোমুখি হচ্ছে। সামান্য অসতর্কতাই রূপ নিচ্ছে ভয়াবহ দুর্ঘটনায়। বরিশাল কেন্দ্রীয় বাস টার্মিনালের অভিজ্ঞ চালক কালাচাঁদ দাস বলেন, ভাঙা এক্সপ্রেসওয়ে পার হওয়ার পর চালকদের হঠাৎ করেই সরু মহাসড়কে গাড়ি চালাতে হয়। সামনে একের পর এক বাঁক। এর মধ্যে বাস কোম্পানিগুলোর সময়ের প্রতিযোগিতা থাকে। ফলে দুর্ঘটনার ঝুঁকি অনেক বেড়ে যায়। বরিশাল জেলা বাস মালিক গ্রুপের সভাপতি মোশাররফ হোসেন বলেন, বরিশাল অঞ্চলের মাত্র ৫৬ কিলোমিটার অংশেই ৪০টির বেশি বাঁক রয়েছে। অধিকাংশ বড় দুর্ঘটনাই এসব বাঁকে নিয়ন্ত্রণ হারানো বা মুখোমুখি সংঘর্ষের কারণে ঘটে। বাংলাদেশ রোড সেফটি ফাউন্ডেশনের তথ্য বলছে, বরিশাল বিভাগজুড়ে গত ৫ বছরে সড়ক দুর্ঘটনায় প্রায় ২ হাজার ৪শ মানুষের মৃত্যু হয়েছে। আর আহত হয়ে পঙ্গুত্ব বরণ করেছেন অগনিত মানুষ। ২০২১ সালে ৫২৪টি দুর্ঘটনায় নিহত হয়েছে ৫৮৭ জন, ২০২২ সালে ৪৩০টি দুর্ঘটনায় ৫১১ জন, ২০২৩ সালে ৪৩৬টি দুর্ঘটনায় ৪১১ জন, ২০২৪ সালে ৪৩৯টি দুর্ঘটনায় ৪৫৭ জন এবং সবশেষ ২০২৫ সালের ৪৪৮টি দুর্ঘটনায় ৪২১ জন নিহত হয়েছেন। সড়ক ও জনপথ অধিদপ্তর বরিশাল জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী রেজাউল করিম বলেছেন, প্রথমে মনে রাখতে হবে বরিশাল থেকে কুয়াকাটা মহাসড়কটি দুই লেনের এবং খুবই সরু। গড় হিসেবে এটি ২৪ ফুটের সড়ক। পদ্মা সেতু উদ্বোধনের পর এই মহাসড়কে যানবাহন চলাচল প্রায় দ্বিগুন বৃদ্ধি পেয়েছে। এত ছোট সড়কে যানবাহন চাপের কারণে দুর্ঘটনা বাড়ছে। আর তাছাড়া আমাদের পক্ষ থেকে যেসব এলাকা দুর্ঘটনা প্রবণ সেই সব এলাকার সড়ক প্রশস্ত করা হয়েছে এবং এখনও সেই কাজ চলছে। পাশাপাশি বাজার এলাকাগুলোতে স্পীড ব্রেকার থেকে শুরু করে মোড়ে মোড়ে চিহ্নও দেওয়া রয়েছে। তারপরও দুর্ঘটনা কমছে না অসচেতনতার কারণে। ৬ লেন সড়ক নির্মান হলে এই মহাসড়কে প্রানহানি কমে যাবে অনেকাংশ। বরিশাল বিআরটিএ বিভাগীয় কার্যালয়ের পরিচালক জিয়াউর রহমান জানিয়েছেন, ২০২২ সালের দুর্ঘটনায় যমুনা লাইন পরিবহনের চালককে বাকেরগঞ্জ থেকে গ্রেফতার করেছিলো পুলিশ। তার ড্রাইভিং লাইসেন্স বাতিল করা হয়েছিলো। শুধু এই ঘটনা নয়, দুর্ঘটনায় চালকদের অসচেতনতার প্রমাণ পেলে তাদের লাইসেন্স বাতিল করা হয়। এছাড়া দুর্ঘটনায় আহত অথবা নিহতরা ক্ষতিপূরণের জন্য আবেদন করলে সেই অনুযায়ী মন্ত্রণালয় থেকে ক্ষতি পূরণ দেওয়া হয়। তিনি জানান, আমরা সব সময় বাস টার্মিনাল এলাকাগুলোতে সচেতনতামূলক প্রচারণা চালাই। চালক ও মালিকদের সাথে কথা বলি। সড়ক দুর্ঘটনা যাতে আরও কিভাবে কমানো যায় সেই বিষয়টি নিয়ে কাজ করছি আমরা।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২৫ বিভাগের

ও শৃঙ্খলার মাধ্যমে নিজেদের যোগ্যতা প্রমাণ করেছে, তারাই আজ মেধার স্বীকৃতি অর্জন করেছে। এই সম্মাননা কেবল পুরস্কার নয়, এটি শিক্ষার্থীদের আরো ভালো করার অনুপ্রেরণা।' তিনি বলেন, 'বর্তমান সময়ে উচ্চশিক্ষাকে দক্ষতা, প্রযুক্তি, সফট স্কিল ও আউটকাম বেইজড শিক্ষার সাথে সংযুক্ত করতে হবে। কেবল সনদ নির্ভর শিক্ষা নয়, কর্মমুখী ও উৎপাদনমুখী শিক্ষা নিশ্চিত করতে পারলেই দেশের তরুণরা বৈশ্বিক প্রতিযোগিতায় নিজেদের সক্ষমতা প্রমাণ করতে পারবে।' তিনি শিক্ষার্থীদের উদ্যোক্তা হওয়ার আহ্বান জানিয়ে বলেন, 'চাকরির পেছনে ছুটে বেড়ানোর পরিবর্তে কর্মসংস্থান সৃষ্টি এবং উৎপাদনশীল কাজে নিজেদের সম্পৃক্ত করতে হবে।' একইসাথে কৃত্রিম বুদ্ধিমত্তার এই যুগে আজীবন শেখার মানসিকতা গড়ে তোলারও আহ্বান জানান তিনি। বক্তব্যের শেষাংশে ভিসি মহোদয় বলেন, 'পাবলিক বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার সুযোগ দেশের সাধারণ মানুষের করের অর্থে সৃষ্টি হয়েছে। তাই শিক্ষার্থীদের ব্যক্তিগত সাফল্যের পাশাপাশি দেশপ্রেম, সামাজিক দায়বদ্ধতা এবং দেশের উন্নয়নে আত্মনিয়োগের মানসিকতা নিয়ে এগিয়ে যেতে হবে।' অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মেধাবৃত্তি নীতিমালা প্রণয়ন কমিটির আহ্বায়ক একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের সহযোগী অধ্যাপক ড. আবদুল আলিম বছির। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইংরেজি বিভাগের অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। অন্যদের মধ্যে আরো বক্তব্য রাখেন জীববিজ্ঞান অনুষদের ডিন ড. হাফিজ আশরাফুল হক, কলা ও মানবিক অনুষদের ডিন ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. ইসরাত জাহান, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন মোঃ হারুন অর রশিদ এবং আইন অনুষদের ডিন ড. সরদার কায়সার আহমেদ। এছাড়াও বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন জীববিজ্ঞান অনুষদের রেদওয়ান আসাদ, আইন অনুষদের জেরিন তাসনিম এবং গণযোগাযোগ এবং সাংবাদিকতা বিভাগের ঈশিতা আফরিন। এসময় বক্তারা শিক্ষার্থীদের মেধা, অধ্যবসায় ও সৃজনশীলতাকে উৎসাহিত করতে এ ধরনের উদ্যোগের গুরুত্ব তুলে ধরেন এবং জ্ঞানচর্চা, নৈতিক মূল্যবোধ এবং গবেষণামুখী শিক্ষা অর্জনের মাধ্যমে দেশ ও সমাজের উন্নয়নে অবদান রাখার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। গবেষণা ও সম্প্রসারণ অফিসের পরিচালক (ভারপ্রাপ্ত) ড. সোনিয়া খান সনির সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের সম্মানিত শিক্ষক এবং মেধাবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের প্রভাষক এবং সহকারী প্রক্টর ড. গাজী মোঃ সাখাওয়াত হোসেন।

ফেসবুকে স্ট্যাটাস দিয়ে

ও উচ্চপর্যায়ের নেতার বিরুদ্ধে ওঠা নানা অনৈতিক কর্মকাণ্ডের অভিযোগ তাঁর নজরে এসেছে। কিয়াম গাজীর দাবি, এসব অভিযোগ তাঁর ব্যক্তিগত আদর্শ ও বিশ্বাসের সঙ্গে সাংঘর্ষিক হওয়ায় তিনি দলীয় সম্পর্ক ছিন্ন করার সিদ্ধান্ত নিয়েছেন। বিবৃতিতে কিয়াম গাজী উল্লেখ করেন, স্বেচ্ছায় দেওয়া এই সামাজিক যোগাযোগমাধ্যমের লেখায় তিনি ইচ্ছাকৃতভাবে 'ইসলাম' শব্দটি ব্যবহার করেননি। তাঁর মতে, কোনো ব্যক্তি বা দলের নামের সঙ্গে 'ইসলাম' যুক্ত থাকলেই তা ইসলামের প্রকৃত আদর্শের প্রতিনিধিত্ব করে না; বরং মানুষের কর্ম ও চরিত্রই তার আসল পরিচয়। রাজনৈতিক জীবনের কোনো আচরণে কেউ কষ্ট পেয়ে থাকলে তার জন্য ক্ষমা প্রার্থনা করে সবার কাছে দোয়া চেয়েছেন খলিলুর রহমান। এদিকে স্থানীয় জামায়াত নেতারা খলিলুর রহমানের অভিযোগ অস্বীকার করে বিষয়টিকে ভিন্নভাবে ব্যাখ্যা করেছেন। মহিপুর সদর ইউনিয়ন জামায়াতের আমির তোফাজ্জল হোসেন সিপাহি জানান, খলিলুর রহমান কিয়াম গাজী গত বছরের ৫ আগস্টের পর দলের সঙ্গে যুক্ত হন এবং দুই-তিন মাস সক্রিয় ছিলেন। পরবর্তী সময়ে তিনি দলীয় কর্মসূচিতে নিষ্ক্রিয় হয়ে পড়েন। জামায়াত আমিরের দাবি, 'খলিলুর রহমানের ব্যক্তিগত জমিজমা নিয়ে একটি বিরোধ ছিল, যা স্থানীয় সালিসে মীমাংসা হয়নি। এ ছাড়া এক ব্যক্তির কাছে তাঁর প্রায় তিন লাখ টাকা পাওনা ছিল, যা উদ্ধারে সংগঠন কোনো দায়িত্ব নেয়নি। এসব কারণে ক্ষুব্ধ হয়ে তিনি দল থেকে দূরে সরে গেছেন বলে আমরা মনে করি।' জামায়াত আমির আরও জানান, খলিলুর রহমান এখন পর্যন্ত দলীয় শৃঙ্খলা অনুযায়ী কোনো লিখিত পদত্যাগপত্র জমা দেননি। বিষয়টি নিয়ে দায়িত্বশীল নেতারা আলোচনা করে পরবর্তী সিদ্ধান্ত নেবেন।

৪ মাস ধরে বন্ধ সরকারি সি-ট্রাক

ব্যতীত যাত্রীবাহী নৌযান চলাচল সরকারিভাবে নিষিদ্ধ হলেও অবৈধ ট্রলার যাত্রী পারাপার করছে মাসের পর মাস। এসব অবৈধ যাত্রীবাহী ট্রলারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করছে না ভোলা বিআইডব্লিউটিএ। স্থানীয়দের সাথে কথা বলে জানা যায়, তজুমদ্দিন থেকে মনপুরা নৌরুটে যাত্রীদের নিরাপদে মেঘনা পারাপারের জন্য এসটি ইলিশা নামের একটি সি-ট্রাক বরাদ্দ দেয় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন (বিআইডব্লিউটিসি)। এতে প্রতিদিনই নিরাপদে এবং স্বস্তিতে মেঘনা নদী পাড়ি দিত মনপুরাবাসী। কিন্তু চলতি বছরের মার্চের মাঝামাঝি সময় থেকে যান্ত্রিক ত্রুটির কারণে এটি বিকল হয়ে চলাচল বন্ধ হয়ে যায় এবং এরমধ্যেই সরকারিভাবে বাতিল করে সি-ট্রাকটির ইজারা। এছাড়া সরকারের নির্দেশনা রয়েছে, চলতি বছরের গত ১৫ মার্চ থেকে আগামী ১৫ অক্টোবর পর্যন্ত মেঘনার ডেঞ্জার জোনে সি-সার্ভে বা বে ক্রুসিং সনদ ছাড়া কোনো নৌযানে যাত্রী পরিবহন করতে পারবে না। এ সময়ে মেঘনা নদী বেশ উত্তাল থাকে। কিন্তু সরকারের এ নির্দেশনা উপক্ষো করে মনপুরাতজুমদ্দিন নৌরুটে ট্রলারে যাত্রী পারাপার করছে বিভিন্ন ব্যক্তিরা। বিকল্প কোনো উপায় না থাকায় সাধারণ মানুষ জীবনের ঝুঁকি নিয়ে অবৈধ নৌযানে উত্তাল মেঘনা পাড়ি দিতে বাধ্য হচ্ছে, গুনতে হচ্ছে অতিরিক্ত ভাড়াও। সরেজমিনে তজুমদ্দিন সি-ট্রাক ঘাটে গিয়ে দেখা যায়, এ ঘাটটি মূলত মনপুরা উপজেলার বাসিন্দাদের চলাচলের সহজ যোগাযোগ মাধ্যম। মনপুরা থেকে ত্রিপল দিয়ে ঢেকে খোন্দলের মধ্যে করে শতাধিক যাত্রী নিয়ে উত্তাল মেঘনার বড় বড় ঢেউ কোনোমতে পাড়ি দিয়ে তজুমদ্দিন ঘাটে আসে একটি পণ্য পরিবহনের ট্রলার। এর কিছুক্ষণ পরেই আসে আরেকটি ট্রলার। এসবের নেই কোনো ফিটনেস সার্টিফিকেট বা যাত্রী পরিবহনের অনুমতি। তারপরও গত ৩মাস ধরে এভাবেই যাত্রী পরিবহন করে আসছে অবৈধ অন্তত ৭টি ট্রলার। এসব ট্রলারে নেই যাত্রীদের জীবন রক্ষাকারী নিরাপত্তা সরঞ্জামও। মনপুরাগামী নাছির উদ্দিন, সফিউল্লাহ, মাকসুদ বেপারী ও মহিউদ্দিন বলেন, মেঘনা নদী বেশ উত্তাল, প্রয়োজনর তাগিদে ট্রলারে উঠলে মনে হয় আজই জীবনের শেষ দিন। তজুমদ্দিন-মনপুরা রুটে টানা গত ৩মাস ধরে সি-ট্রাক চলাচল বন্ধ রয়েছে। এতে আমরা সীমাহীন দুর্ভোগে রয়েছি। সি-ট্রাকের যাতায়াত হচ্ছে নিরাপদ। সি-ট্রাক বন্ধ থাকায় আমাদের বাধ্য হয়েই অতিরিক্ত ভাড়া দিয়ে মালবাহী ট্রলারে করে মনপুরায় আসা যাওয়া করতে হচ্ছে। এতে সবচেয়ে বেশি দুর্ভোগে রয়েছেন অসুস্থ রোগী, বৃদ্ধ ও শিশুরা। কোনো সময়ে যাত্রীরা বৃষ্টিতে ভিজতে যায়, আবার কোনো সময়ে তীব্র গরমে হাঁসফাঁস করে। আবার কোনো কোনো সময় মাঝ নদীতে ট্রলারের ইঞ্জিন বিকল হয়ে ভাসতে হয় ঘণ্টার পর ঘণ্টা। যাত্রী মো.জসিম, ইয়াছিন ও কামাল বলেন, নদীতে বড় বড় ঢেউ আর ট্রলারের দুরাবস্থা দেখে ট্রলারে উঠতে সাহস পাচ্ছি না। মনপুরার প্রতিটি মানুষ জীবনের ঝঁকি নিয়ে প্রতিদিন এভাবেই যাতায়াত করছেন। বাধ্য হয়েই ট্রলারে চড়ে মনপুরা যাচ্ছি। প্রায়ই দেখি মাঝ মেঘনা নদীতে ঝড় শুরু হলে নারী শিশুসহ যাত্রীদের কান্নার রোল পড়ে যায়। ট্রলার প্রচণ্ড রোলিং করে, এপাশ ওপাশ করে দোলে। কিছু করার নাই, যেতেই হবে। তজুমদ্দিন-মনপুরা নৌরুটের সরকারি সি-ট্রাক চলাচল বন্ধ থাকার প্রসঙ্গে এক প্রশ্নের জবাবে সম্প্রতি ভোলা সফরে আসা নৌপরিবহন প্রতিমন্ত্রী রাজিব আহসান জানিয়েছেন, নৌপথে নাগরিকদের ভোগান্তি লাঘবে সরকারি বা বেসরকারিভাবে যেখান থেকে সম্ভব জাহাজ দেওয়াসহ সবধরনের ব্যবস্থা নেওয়া হবে। নৌপথে নাগরিকদের ভোগান্তির শিকার হতে দেব না। বিআইডব্লিউটিসির ভোলা (ইলিশা) ব্যবস্থাপক কাওসার আহমেদ খান বলেন, প্রথমে যান্ত্রিক ত্রুটি, এরপর ইজারা সংক্রান্ত জটিলতার কারণে সি-ট্রাকটি চলাচল বন্ধ রয়েছে। নতুন করে ইজারা দেওয়া হয়েছে। আশা করছি শিগগিরই তজুমদ্দিন-মনপুরা রুটে সি-ট্রাকটি চালু হবে। এদিকে তজুমদ্দিন-মনপুরা রুটে মেঘনা নদীর ডেঞ্জার জোনে অবৈধভাবে যাত্রীবাহী ট্রলার চলাচলের বিষয়ে কিছুই জানেন না বলে দাবি করেন বিআইডব্লিউটিএ এর ভোলা নদী বন্দরের সহকারী বন্দর ও পরিবহন কর্মকর্তা নির্মল কুমার রায়। তিনি বলেন, খোঁজ নিয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে। ভোলায় বিআইডব্লিউটিসির মোট ৫টি সি-ট্রাক রয়েছে। এরমধ্যে ৪টি চলাচল করে ইলিশা-লক্ষ্মীপুরের মজুচৌধুরী ঘাট নৌরুটে। বাকি একটি ছিল তজুমদ্দিন-মনপুরা নৌরুটে, দ্রুত বন্ধ থাকা সি-ট্রাকটি চালুর দাবি মনপুরাবাসীর।

নদীভাঙনে ক্ষতবিক্ষত মুলাদী, চোখের

করছে। যেকোনো সময় বিদ্যালয়টি নদীগর্ভে বিলীন হওয়ার আশঙ্কায় শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে চরম উদ্বেগ দেখা দিয়েছে। এ ছাড়া লালন সরদারের বাড়ি থেকে নদীর দূরত্ব কমে দাঁড়িয়েছে মাত্র ১৫ মিটারে। নোমরহাট, বানীমর্দন দাখিল মাদ্রাসাসহ বেশ কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠানও রয়েছে ভাঙনের ঝুঁকিতে। শুধু এই এলাকাতেই শতাধিক পরিবার ভিটেমাটি হারানোর শঙ্কায় দিন কাটাচ্ছে। চরকালেখান গ্রামের বাসিন্দা মো. নুরুল হক খান বলেন, 'প্রতি বছর নদী ভাঙনে আমাদের শত শত একর জমি ও ঘরবাড়ি বিলীন হয়ে যাচ্ছে। চোখের সামনে নিজের ভিটাবাড়ি নদীতে তলিয়ে যেতে দেখার কষ্ট ভাষায় প্রকাশ করা যায় না। পানি বাড়ার সঙ্গে সঙ্গে রাতের ঘুম হারাম হয়ে যায়। ভাঙন অব্যাহত থাকলে একদিন চরকালেখান ইউনিয়নের মানচিত্রই নাই হয়ে যাবে।' তিনি আরও বলেন, 'জিও ব্যাগ বা অস্থায়ী কোনো ব্যবস্থা নয়, আমরা চাই স্থায়ী নদী রক্ষা বাঁধ।' চরকালেখান ইউনিয়ন পরিষদের সদস্য মো. হান্নান চৌকিদার জানান, জয়ন্তী নদীর ভাঙনে ব্যাপারীর হাট নদীগর্ভে বিলীন হয়ে গেছে। মুলাদী-সফিপুর সড়কের একটি অংশ ভেঙে যাওয়ায় যানবাহন চলাচল বন্ধ রয়েছে। ভেদুরিয়া, ছত্রিশ ভেদুরিয়া ও চরমালিয়াসহ বিভিন্ন এলাকার অনেক পরিবার নদীভাঙনে ভিটেমাটি হারিয়েছে। তিনি বলেন, 'সংসদ সদস্য ও স্থানীয় প্রশাসনের সমন্বিত উদ্যোগে দ্রুত আড়িয়াল খাঁ ও জয়ন্তী নদীর তীরে দৃশ্যমান ও স্থায়ী বেড়িবাঁধ নির্মাণ শুরু করা প্রয়োজন। এতে হাজারো পরিবার এবং গুরুত্বপূর্ণ স্থাপনা রক্ষা পাবে।' চরকালেখান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. মিরাজুল ইসলাম সরদার বলেন, 'নদীভাঙন এখন চরকালেখানসহ উপজেলার কয়েকটি ইউনিয়নের প্রধান সমস্যা। প্রতি বছর জরুরি ভিত্তিতে জিও ব্যাগ ফেলে অস্থায়ী প্রতিরোধের চেষ্টা করা হলেও তীব্র ভাঙন ঠেকানো সম্ভব হচ্ছে না। স্থায়ী সমাধানের জন্য বড় প্রকল্পের মাধ্যমে তীর রক্ষা বাঁধ নির্মাণ জরুরি।' মুলাদী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও উপজেলা পরিষদের প্রশাসক মো. গোলাম সরওয়ার বলেন, 'আড়িয়াল খাঁ ও জয়ন্তী নদীর তীরবর্তী এলাকাগুলো নদী ভাঙনপ্রবণ। স্থানীয় জনপ্রতিনিধি ও ক্ষতিগ্রস্তদের কাছ থেকে ভাঙনের বিষয়টি জেনেছি। ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শনের নির্দেশ দেওয়া হয়েছে এবং পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করে জরুরি প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া হচ্ছে।' বরিশাল পানি উন্নয়ন বোর্ডের বাবুগঞ্জ উপবিভাগীয় প্রকৌশলী মুশফিকুর রহমান শুভ জানান, বর্ষায় নদীর স্রোত বেড়ে যাওয়ায় কিছু এলাকায় ভাঙন দেখা দিয়েছে। ঝুঁকিপূর্ণ স্থানগুলোতে জরুরি ভিত্তিতে জিও ব্যাগ ডাম্পিং করে ভাঙন ঠেকানোর কাজ চলছে। পাশাপাশি স্থায়ী সমাধানের জন্য বড় আকারের তীর সংরক্ষণ প্রকল্পের প্রস্তাবনা ও সমীক্ষা প্রক্রিয়াধীন রয়েছে। এদিকে বরিশাল-৩ (মুলাদী-বাবুগঞ্জ) আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট জয়নুল আবেদীন নদীভাঙন রোধে সরকারের উচ্চপর্যায়ে উদ্যোগ গ্রহণের দাবি জানিয়েছেন। পানিসম্পদমন্ত্রীর কাছে পাঠানো আধা-সরকারি পত্রে (ডিও লেটার) তিনি মুলাদী ও বাবুগঞ্জ উপজেলার নদীভাঙন স্থায়ীভাবে রোধে বিশেষ মেগা প্রকল্প গ্রহণ ও প্রয়োজনীয় বরাদ্দের দাবি জানান। চিঠিতে এমপি উল্লেখ করেন, মুলাদীর চরকালেখান, নাজিরপুর, গাছুয়া, সফিপুর, বাটামারা, কাজীরচর এবং বাবুগঞ্জের রহমতপুর, কেদারপুরসহ বিভিন্ন এলাকায় নদীভাঙনের কারণে জনপদের মানচিত্র ক্রমেই সংকুচিত হচ্ছে। হাজারো মানুষ হারাচ্ছে বসতভিটা ও জীবিকার ভিত্তি। স্থানীয়দের দাবি, আড়িয়াল খাঁ, জয়ন্তী ও সন্ধ্যা নদীর অববাহিকায় টেকসই তীর সংরক্ষণ ও স্থায়ী বাঁধ নির্মাণের মাধ্যমে এই জনপদকে নদীভাঙনের কবল থেকে রক্ষা করতে হবে।

দুই কুকুরকে পিটিয়ে হত্যা: দুজনের

প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মো. আতিউর রহমান বাদী হয়ে মামলা করেন। মামলায় দক্ষিণ বাদুরা এলাকার মঞ্জু হাওলাদার (৫০) ও জহির হাওলাদারকে (৪৫) আসামি করা হয়েছে। ২০১৯ সালের প্রাণিকল্যাণ আইনের ৭(২) ধারা ও দণ্ডবিধির ৪২৮ ধারায় মামলাটি করা হয়। মামলার বাদী উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মো. আতিউর রহমান বলেন, সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওর মাধ্যমে তিনি ঘটনাটি জানতে পারেন। পরে বিষয়টি যাচাই করে প্রাণীর প্রতি নিষ্ঠুরতার অভিযোগে আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছে। বাদীপক্ষের আইনজীবী অ্যাডভোকেট মো. ইমরান বলেন, 'প্রাণীর প্রতি নিষ্ঠুরতা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। আইন অনুযায়ী এ ঘটনায় মামলা করা হয়েছে। আমরা আশা করছি, তদন্তের মাধ্যমে প্রকৃত ঘটনা বেরিয়ে আসবে এবং যারা এ ঘটনার সঙ্গে জড়িত, তাদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।' মামলাটি আমলে নিয়ে পটুয়াখালীর চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট প্রথম আদালতের বিচারক আবু বকর সিদ্দিক দুই আসামিকে গ্রেফতারের আদেশ দিয়েছেন।

ঢালাইকালে ধসে পড়ল

মৃধাবাড়ির সামনে প্রবল বৃষ্টির মাঝে ঢালাই চলাকালে সাটারিংসহ সেতুটির একপাশের অ্যাবাটমেন্ট থেকে মাঝের পিয়ারের অংশের পুরো ঢালাই খালের মধ্যে ধসে পড়ে। সরেজমিনে গিয়ে দেখা যায়, নির্মাণাধীন কালভার্টটিতে ইতোপূর্বে দেয়া অর্ধেক অংশের ঢালাই টিকে থাকলেও অবশিষ্ট অংশ ধসে পড়েছে। স্থানীয়দের অভিযোগ, নিম্নমানের ও পুরোনো বাঁশ কাঠ দিয়ে সাটারিং তৈরি করায় এ দুর্ঘটনা ঘটেছে। এমনকি সরকারি অর্থে বাস্তবায়নাধীন প্রকল্পটির নির্মাণ মান নিয়েও প্রশ্ন উঠেছে। তবে মাত্র ৩৫ লাখ টাকায় ৫০ ফুট লম্বা এ সেতুটির প্রাক্কলন নিয়েও প্রশ্ন উঠেছে। সেতুর নির্মাণ সংশ্লিষ্ট একাধিক ব্যক্তি নাম প্রকাশ না করার শর্তে জানান, অত্যন্ত নিম্ন মানের সাটারিং সামগ্রী ব্যবহারের পাশাপাশি ঢালাইয়ের সাথে প্রবল বর্ষণে সেতুটির ঢালাই ধসে পড়েছে। গৌরনদী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অর্থায়নে প্রায় ৩৫ লাখ টাকা ব্যয়ে নির্মানাধীণ এ সেতুটি কার্যাদেশ লাভ করে 'ডায়নামিক আইটি শপ' নামের একটি ঠিকাদারি প্রতিষ্ঠান। তবে সে প্রতিষ্ঠানটি নিজেরা কাজ না করে তাদের পক্ষে প্রকল্পটি বাস্তবায়ন করেছে অপর ঠিকাদার আবুল ফয়েজ শরীফ। স্থানীয় কয়েকজন জানান, পানির মধ্যে সাটারিং তৈরিতে পুরোনো ও অনুপযুক্ত বাঁশ ব্যবহার করা হয়। সাটারিংয়ের ওপর কংক্রিটের ঢালাই শুরু হলে চাপ সহ্য করতে না পেরে পুরো কাঠামো খালের মধ্যে ভেঙে পড়ে। ঠিকাদার আবুল ফয়েজ শরীফ গণমাধ্যমকে বলেন, খালের ভেতরের মাটি শক্ত না থাকায় ঢালাই শুরু করার সঙ্গে সঙ্গেই সাটারিং ভেঙে পড়েছে। নতুন করে সাটারিং তৈরি করে পুনরায় ঢালাইয়ের কাজ করা হবে। গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা রোববার জানান, "আমাদের কাউকে না জানিয়েই ঠিকাদার ঢালাইয়ের কাজ করেছেন। পরে জানতে পেরেছি সাটারিংসহ ঢালাই খালের মধ্যে ধসে পড়েছে। ইতোমধ্যে উপজেলা প্রকৌশলীর নেতৃত্বে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত শেষে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।", "ঘটনাটি গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে। কাজের গুণগত মানে কোনো অনিয়ম বা ত্রুটি প্রমাণিত হলে সংশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে বিধি অনুযায়ী কঠোর প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এ ব্যাপারে রোববার বরিশালের জেলা প্রশাসক মোঃ মামুন খন্দকারের সাথে আলাপ করা হলে তিনি জানান, বিষয়টি নিয়ে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার নেতৃত্বেও একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। গৌরনদীর ইউএনও আরেকটি তদন্ত করছে। এসব তদন্ত প্রতিবেদন পেলে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে বলেও জানান জেলা প্রশাসক।

প্রবাসীকে জোর করে বিষপাণ করিয়ে

করেন, বিদেশে থাকাকালে আফাং শিকদার জমি কেনার জন্য স্ত্রী রাবেয়া বেগমের কাছে প্রায় ৫৫ লাখ টাকা পাঠিয়েছিলেন। দেশে ফিরে তিনি জানতে পারেন, ওই অর্থের একটি বড় অংশ জমি কেনার পরিবর্তে অন্যত্র ব্যয় হয়েছে। এ নিয়ে স্বামী-স্ত্রীর মধ্যে বিরোধ তৈরি হয়। মামলার এজাহারে আরও বলা হয়, নিহতের স্ত্রীর সঙ্গে স্থানীয় এক ব্যক্তির পরকীয়া সম্পর্ক ছিল বলে পরিবারের দাবি। এ বিষয় নিয়েও দীর্ঘদিন ধরে পারিবারিক বিরোধ চলছিল এবং এ নিয়ে আগে আদালতে মামলাও হয়েছিল। স্বজনদের অভিযোগ, গত ১৯ জুলাই রাতে বরগুনা পৌরসভার আমতলা এলাকার একটি ভাড়া বাসায় আফাং শিকদারকে জোর করে বিষপান করানো হয়। অসুস্থ হয়ে পড়লে তাকে প্রথমে বরগুনা জেনারেল হাসপাতালে এবং পরে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় ২৪ জুলাই রাতে তার মৃত্যু হয়। নিহতের মরদেহ শনিবার বাড়িতে পৌঁছালে স্বজন ও এলাকাবাসী ঘটনাটিকে পরিকল্পিত হত্যাকাণ্ড দাবি করে বরগুনা-পুরাকাটা আঞ্চলিক মহাসড়কের চালিতলা এলাকায় মানববন্ধন ও সড়ক অবরোধ করেন। এ সময় বিক্ষুব্ধ জনতা নিহতের স্ত্রী, মেয়ে ও শাশুড়িকে বহনকারী অ্যাম্বুলেন্স ঘিরে ফেলে। তাদের ওপর হামলার অভিযোগও রয়েছে। পরে স্থানীয় সংসদ সদস্য মাওলানা মাহমুদুল হোসাইন অলি উল্লাহ, ইসলামী আন্দোলন বাংলাদেশের জেলা সেক্রেটারি আব্দুস সাকুর এবং পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। নিরাপত্তার স্বার্থে কয়েকজনকে পুলিশ হেফাজতে নেওয়া হয়। থানা সূত্রে জানা গেছে, নিহতের ভাইয়ের দায়ের করা হত্যা মামলায় পাঁচজনকে আসামি করা হয়েছে। দণ্ডবিধির ৩০২/৩৪ ধারায় নথিভুক্ত মামলায় নিহতের স্ত্রী রাবেয়া বেগম (৩৮), স্থানীয় বাসিন্দা মো. হাসান (৪০), নিহতের মেয়ে, শ্বশুর ও শাশুড়িকে আসামি করা হয়েছে। এর মধ্যে স্ত্রী রাবেয়া বেগম, মেয়ে আতিকা এবং শাশুড়ি রাশেদা বেগমকে গ্রেফতার করে আদালতে পাঠিয়েছে পুলিশ। বরগুনা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু সাদাত মো. হাসনাইন পারভেজ বলেন, এ ঘটনায় হত্যা মামলা হয়েছে এবং কয়েকজনকে গ্রেফতার করে আদালতে পাঠানো হয়েছে। ময়নাতদন্ত ও অন্যান্য আলামতের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ আরও স্পষ্ট হবে। বিষপ্রয়োগের অভিযোগ, অর্থনৈতিক বিরোধ এবং পারিবারিক দ্বন্দ্বের সঙ্গে মৃত্যুর কোনো সম্পর্ক রয়েছে কি না, তাও তদন্ত করে দেখা হচ্ছে।

জমি বিরোধে বৃদ্ধকে হত্যা ॥ ঢাকা ও

করা হয়। নথিপত্র অনুযায়ী, ভুক্তভোগী হারিচ আহম্মদ ওরফে মজিবুরের ভোগদখলীয় সম্পত্তিতে জোরপূর্বক ট্রাক্টর দিয়ে চাষাবাদ করতে যান অভিযুক্তরা। গত ১৯ জুলাই সকালে মজিবুর বাধা দিলে প্রতিপক্ষরা দেশীয় অস্ত্র দিয়ে তাকে রক্তাক্ত জখম করে। পরবর্তীতে গুরুতর আহত মজিবুর বরগুনার আমতলী হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। এ ঘটনায় নিহতের ছেলে বাদী হয়ে মহিপুর থানায় একটি মামলা রুজু করেন। মহিপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জানান, গ্রেফতারকৃতদের আইনগত প্রক্রিয়া শেষে আদালতে হাজির করার প্রক্রিয়া চলছে। ইতিমধ্যেই এক আসামিকে কলাপাড়া আদালতে সোপর্দ করা হয়েছে এবং অপরজনকে আনার কাজ চলছে।

সৌদি আরবে এক সপ্তাহে

২২ জুলাই পর্যন্ত পরিচালিত অভিযানে গ্রেফতার হওয়াদের মধ্যে ৭ হাজার ৪৩৭ জন আবাসন আইন, ৩ হাজার ৯৯১ জন সীমান্ত নিরাপত্তা আইন এবং ৩ হাজার ৫৪২ জন শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে আটক হন। খবর গালফ নিউজের। মন্ত্রণালয় আরও জানায়, অবৈধভাবে সৌদি আরবে প্রবেশের চেষ্টার সময় ১ হাজার ৬২৬ জনকে আটক করা হয়েছে। তাদের মধ্যে ৬২ শতাংশ ইথিওপিয়ার, ৩৭ শতাংশ ইয়েমেনের এবং ১ শতাংশ অন্যান্য দেশের নাগরিক। এছাড়া অবৈধভাবে সৌদি আরব ত্যাগের চেষ্টা করার সময় ৩৩ জনকে আটক করা হয়েছে। আবাসন, শ্রম ও সীমান্ত আইন লঙ্ঘনকারীদের পরিবহন, আশ্রয়, নিয়োগ বা গোপনে সহায়তা করার অভিযোগে আরও ১৮ জনকে গ্রেফতার করা হয়েছে। সৌদি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, বর্তমানে ৩০ হাজার ৫৪৬ জন আইন লঙ্ঘনকারীর বিরুদ্ধে আইনি প্রক্রিয়া চলমান রয়েছে। এদের মধ্যে ২৮ হাজার ৫৫৭ জন পুরুষ এবং ১ হাজার ৯৮৯ জন নারী। এছাড়া ১৭ হাজার ৭৪৭ জনকে ভ্রমণসংক্রান্ত নথি সংগ্রহের জন্য, ৬ হাজার ১১৩ জনকে নিজ দেশে ফেরার ভ্রমণ বুকিং সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়েছে। ইতোমধ্যে ১৩ হাজার ২৫১ জনকে নিজ নিজ দেশে ফেরত পাঠানো হয়েছে বলে জানিয়েছে মন্ত্রণালয়।

যুক্তরাষ্ট্রের ৮ ঘাঁটিতে

৮ জুলাই ঘোষণা দেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এরপর থেকেই যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে পাল্টাপাল্টি হামলা চলছে। এই হামলার জবাব দিতে নতুন নামকরণ করে ইরান। 'অপারেশন নাসর-২' নামে মধ্যপ্রাচ্যে থাকা মার্কিন ঘাঁটিগুলোতে ১৫ দিনের পাল্টা হামলা চালায় ইরান। এতে যুক্তরাষ্ট্রের সামরিক ঘাঁটিগুলোতে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে এবং ২০০ জনের বেশি মার্কিন সেনা নিহত হয়েছেন বলে দাবি করেছে ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি)। তবে, যুক্তরাষ্ট্র এখন পর্যন্ত আইআরজিসির এসব দাবি নিশ্চিত করেনি এবং এ ধরনের ক্ষয়ক্ষতি বা হতাহতের বিষয়ে কোনো আনুষ্ঠানিক স্বীকৃতি দেয়নি। শনিবার (২৫ জুলাই) তাসনিম নিউজ এজেন্সিকে দেওয়া এক সাক্ষাৎকারে আইআরজিসির মুখপাত্র ব্রিগেডিয়ার জেনারেল হোসেইন মোহেবি বলেন, ইরানের বিরুদ্ধে হামলা চালাতে ব্যবহৃত মধ্যপ্রাচ্যের বিভিন্ন মার্কিন ঘাঁটিকে লক্ষ্য করেই এই অভিযান পরিচালিত হয়। মোহেবির দাবি, ইরানের হামলায় যুক্তরাষ্ট্রের প্রচুর সামরিক সম্পদ ধ্বংস বা ক্ষতিগ্রস্ত হয়েছে। এর মধ্যে আছে- ১১টি যুদ্ধবিমান ও হেলিকপ্টার, ১৭টি নজরদারি ও অপারেশনাল ড্রোন, ৮টি আকাশে জ্বালানি সরবরাহকারী ট্যাংকার বিমান, ৪টি ভারী সামরিক হেলিকপ্টার, শক্তিশালী হ্যাঙ্গারে থাকা একটি এফ-১৫ যুদ্ধবিমান, একটি পি-৮ পোসেইডন সামুদ্রিক টহল বিমান, একটি সি-১৭ গ্লোবমাস্টার সামরিক পরিবহন বিমান, রাডার ও প্রতিরক্ষা ব্যবস্থা লক্ষ্যবস্তু। আইআরজিসির দাবি অনুযায়ী, হামলায় ধ্বংস হয়েছে- ৭টি কমান্ড ও নিয়ন্ত্রণ কেন্দ্র, ৬টি প্যাট্রিয়ট রাডার ইউনিট, ৮টি আগাম সতর্কীকরণ রাডার, ৭টি আকাশ প্রতিরক্ষা ক্ষেপণাস্ত্র রাডার, ৫টি দূরপাল্লার রাডার স্থাপনা, ৫টি এফপিএস ও এফপিএস-১১৭ রাডার, ৩টি আকাশ ও সামুদ্রিক নজরদারি রাডার, ৩টি স্যাটেলাইট যোগাযোগ ব্যবস্থা। মোহেবির ভাষ্য অনুযায়ী, ইরানের হামলায় আরও ধ্বংস হয়েছে-৬টি এমকিউ-৯ রিপার ড্রোনের হ্যাঙ্গার, ৫টি যুদ্ধবিমানের হ্যাঙ্গার, ৪টি সুরক্ষিত বিমান আশ্রয়কেন্দ্র, একটি এফ-১৫ প্রস্তুতি হ্যাঙ্গার, ৮টি ড্রোনসহ একটি ড্রোন হ্যাঙ্গার, একটি পি-৮ পোসেইডন বিমান রাখার হ্যাঙ্গার, ৬টি বিমান পার্কিং ও ফ্লাইট র‍্যাম্প, ৪টি হিমার্স রকেট লঞ্চার, ৪টি প্যাট্রিয়ট আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা। এ ছাড়া ১৭টি অস্ত্রভাণ্ডার, বিমান যন্ত্রাংশ, নৌ সরঞ্জাম, ১২টি জ্বালানি ট্যাংক, একটি জ্বালানি ডক, একটি বিমানবাহী রণতরির জ্বালানি সরবরাহ প্ল্যাটফর্ম, ৬টি ভূগর্ভস্থ ক্ষেপণাস্ত্র বাঙ্কার, ৬টি বিমান রক্ষণাবেক্ষণ কেন্দ্র, দুটি সিগন্যাল গোয়েন্দা যোগাযোগ কেন্দ্র, একটি ডেটা ইন্টেলিজেন্স হাব, একটি কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রসেসিং সেন্টার, একটি অ্যামাজন ডেটা নোড এবং একটি চালকবিহীন নৌযান সংরক্ষণাগার ধ্বংস হয়েছে বলেও দাবি করেছে আইআরজিসি। মোহেবি যুক্তরাষ্ট্রের প্রকাশিত হতাহতের তথ্যকে 'সম্পূর্ণ মিথ্যা' বলে অভিহিত করেন। তার দাবি, অপারেশন নাসর-২ চলাকালে ইরান ৮টি মার্কিন সামরিক ঘাঁটিতে হামলা চালায়, যার মধ্যে একটি ঘাঁটির ২০টি হ্যাঙ্গার ধ্বংস করা হয়। আইআরজিসির দাবি, এই অভিযানে ২০০ জনের বেশি মার্কিন সেনা নিহত হয়েছে। এছাড়া আহতের সংখ্যা এর চেয়েও অনেক বেশি। তিনি ক্ষয়ক্ষতি ও হতাহতের প্রকৃত চিত্র যাচাই করতে মার্কিন সরকারকে আন্তর্জাতিক সংবাদমাধ্যমের জন্য লক্ষ্যবস্তু হওয়া ঘাঁটিগুলো খুলে দেওয়ার আহ্বান জানান। ইরান বরাবরই দাবি করে আসছে, উপসাগরীয় অঞ্চলে যুক্তরাষ্ট্রের সামরিক ঘাঁটি ও অর্থনৈতিক স্থাপনাগুলো ইরানের বিরুদ্ধে সামরিক অভিযানে ব্যবহৃত হয়েছে। তেহরানের ভাষ্য, অপারেশন নাসর-২ ছিল সেই অবকাঠামোর বিরুদ্ধে পরিচালিত একটি প্রতিশোধমূলক সামরিক অভিযান।

জীবিকার পথে মৃত্যু

নিয়ে আসেন। প্রাথমিক পরীক্ষা-নিরীক্ষায় দেখা যায়, হাসপাতালে আনার আগেই তার মৃত্যু হয়েছে। তার শরীরে সড়ক দুর্ঘটনায় সৃষ্ট গুরুতর আঘাতের চিহ্ন রয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, দুর্ঘটনাস্থলেই তার মৃত্যু হয়েছে। হাসপাতালে লাশ নিতে আসা স্বজন সেলিম সরদার জানান, নিহত ইউনুস খান পেশায় ভিক্ষুক ছিলেন। তিনি তিন মেয়ে ও এক হাফেজে কোরআন পুত্র সন্তানের জনক। বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম বলেন, সড়ক দুর্ঘটনায় এক ভিক্ষুকের মৃত্যুর খবর পেয়েছি। মরদেহের সুরতহাল প্রতিবেদন প্রস্তুতসহ পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। পুলিশ জানায়, দুর্ঘটনাটি কীভাবে ঘটেছে এবং কোন যানবাহনের ধাক্কায় তিনি নিহত হয়েছেন, সে বিষয়ে তদন্ত চলছে। ঘটনার বিস্তারিত তথ্য উদঘাটনে কাজ করছে পুলিশ।

ডাকাতির অভিযোগে

হচ্ছে। বিষয়টি নিশ্চিত করে ঝালকাঠির অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মামুন আল ইসলাম জানান, ডাকাতির ঘটনায় জড়িত থাকার সন্দেহে তাকে আটক করা হয়েছে। ঘটনায় তার সরাসরি সম্পৃক্ততা রয়েছে কি না তা গভীরভাবে তদন্ত করে দেখা হচ্ছে। সত্যতা পাওয়া গেলে তার বিরুদ্ধে আইন অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

বাংলাদেশ কৃষি ব্যাংক এমপ্লয়ীজ ইউনিয়ন (সিবিএ) বরিশাল বিভাগের বিভাগীয় সম্মেলনে উপস্থিত অতিথিবৃন্দ -কীর্তনখোলা

আল-খালিজ ইন্টারন্যাশনাল একাডেমির প্রথম পর্বের ফলাফল প্রকাশ

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে আল-খালিজ ইন্টারন্যাশনাল একাডেমির প্রথম পর্বের ফলাফল প্রকাশ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানে "শিক্ষা, শৃঙ্খলা, নৈতিকতা এবং শ্রেষ্ঠত্য" এই মূলমন্ত্রকে ধারণ করে গত ২রা অক্টোবর ২০২৩খ্রিঃ উপজেলার ৩নং সদর ইউনিয়নের গোসনতারা পল্লীর সড়ক ঘেঁষে নির্মিত প্রতিষ্ঠানটির যাত্রা শুরু হয়। প্লে থেকে চতুর্থ শ্রেনি পর্যন্ত, প্রায় শতাধিক শিশু শিক্ষার্থীদের ধর্মীয় জ্ঞানের পাশাপাশি সাধারণ এবং আধুনিক কারিকুলামে, শিক্ষা বিস্তারের নিমিত্তে পাঠদান অব্যহত হওয়ায়, এটি এখন এই উপজেলায় সচেতন মহলের কাছে প্রশংশিত হয়েছে বলেও জানা গিয়েছে। এরই ধারাবাহিকতায় গত ২৫শে জুলাই(শনিবার) সকাল ১১ ঘটিকার সময় প্রতিষ্ঠান মিলনায়তনে,প্রতিষ্ঠানটির সকল শ্রেনির, প্রথম পর্বের ফলাফল প্রকাশ ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করেন প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ। উক্ত অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন,নওপাড়া ফাজিল মাদ্রাসার ভাইস প্রিন্সিপাল মাওলানা মোহাম্মদ ইলিয়াস হোসেন,বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন,গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী আহম্মদ সোহেল মনজুর (সুমন)-এর ব্যক্তিগত কর্মকর্তা শহীদুল ইসলাম রানা, কাউখালী উপজেলা বিএনপির সাবেক সিনিয়র সহ সভাপতি মোঃ শাহ ইমরান ফারুক, সাবেক যুবদল নেতা কাউখালী ৩নং সদর ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান মোঃ আযম খান,প্রধান শিক্ষক হাফেজ মাওলানা আব্দুর রহমান। এ সময় প্রধান শিক্ষক তাঁর বক্তব্য বলেন, আমরা আমাদের কোমলমতি শিশুদের পারিবারিক স্নেহে, পরম মমতার স্পর্শে, আনন্দঘন পরিবেশের মধ্যে দিয়ে শিক্ষা প্রদান করে থাকি। কেননা এই শিশুই হতে পারে আগামীর সম্ভাবনা এবং দেশের জনসম্পদ। তিনি প্রতিষ্ঠানটির সুনাম অক্ষুন্ন রাখতে উপস্থিত সকলের কাছে সহযোগিতা কামনা করেন এবং সেই সাথে প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তির আহ্বানও জানান। সভায় আমন্ত্রিত অতিথি এবং অভিভাবকবৃন্দ প্রতিষ্ঠানের এ আয়োজনকে স্বাগত জানিয়ে বলেন, এই অনুষ্ঠানের মাধ্যমে প্রতিটি শিশু শিক্ষার্থীদের মাঝে আরও প্রতিযোগীতার মনোভাব সৃষ্টি হবে। যার ফলশ্রুতিতে প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধিতে যথেষ্ট সহায়ক হবে বলে আমরা আশাবাদী। আলোচনা শেষে,প্রতিষ্ঠানের প্লে থেকে চতুর্থ শ্রেনি পর্যন্ত প্রতিটি শ্রেনিতে, প্রথম পর্বের পরীক্ষায় অংশ গ্রহনকারী শিক্ষার্থীদের মধ্যে হতে মেধাভিত্তিক প্রথম,দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীকে পুরষ্কার প্রদান করা হয়। এ সময় প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক মোঃ ফেরদাউস হোসেন,সহকারী শিক্ষিকা মোসাম্মৎ নুরুন্নাহার সহ আমন্ত্রিত অতিথিবৃন্দ,প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ ও এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন বলে জানা গেছে।

ভরা মৌসুমেও নেই ইলিশ, 'চায়না

জলাশয়ে অবাধে ক্ষতিকর এই জালের ব্যাপক ব্যবহারের ফলে ছোট পোনা থেকে শুরু করে ডিমওয়ালা মাছ ধ্বংস হয়ে যাচ্ছে। ফলে প্রজনন ও প্রাকৃতিক বিস্তার মারাত্মকভাবে ব্যাহত হওয়ায় দিন দিন কমে যাচ্ছে মুক্ত জলাশয়ের মাছের উৎপাদন। অন্যদিকে, সাগরে অনিয়ন্ত্রিতভাবে বাণিজ্যিক ট্রলিং ফিশিং জাহাজ চলাচলের কারণে মাছের রেণু ও পোনা নষ্ট হচ্ছে বলে ধারণা মাছ ব্যবসায়ীদের। এ কারণে সমুদ্র উপকূলের কাছাকাছি জালের মধ্যে কাঙ্ক্ষিত মাছের দেখা মিলছে না। সামুদ্রিক ও দেশীয় উন্মুক্ত জলাশয়ের মাছের সঙ্কটে বাজারে একমাত্র ভরসা হয়ে উঠেছে চাষের মাছ। তবে সম্প্রতি পোল্ট্রি ও মাছের খামারে উৎপাদন খরচ বৃদ্ধি পাওয়ায় চাষের মাছের দামও সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছে। পিরোজপুর জেলা সদরের বিভিন্ন বাজার ঘুরে দেখা গেছে, মাছের দর সামলাতে হিমশিম খাচ্ছেন সাধারণ ক্রেতারা। বাজারে ছোট আকৃতির ইলিশ বা জাটকা বিক্রি হচ্ছে প্রতি কেজি ১,২০০ টাকায়। আর মাঝারি থেকে বড়ো আকারের ইলিশ প্রতি কেজি ১,৬০০ থেকে ৩,০০০ টাকা পর্যন্ত ঠেকেছে। এছাড়া অন্য সামুদ্রিক মাছ গড়ে প্রতি কেজি ৪৫০ থেকে ১,২০০ টাকায় বিক্রি হচ্ছে। এর মধ্যে রূপচাঁদা বিক্রি হচ্ছে প্রতি কেজি ১,০০০ থেকে ১,২০০ টাকায়। চাষের মাছ প্রকারভেদে প্রতি কেজি ২০০ থেকে ৭০০ টাকা, রুই ২৫০ থেকে ৪৫০ টাকা, পাঙাশ ২২০ থেকে ২৫০ টাকা এবং মরম মাছ ৪০০ থেকে ৫০০ টাকায় বিক্রি হচ্ছে। মাছের চড়া দামের প্রভাবে পোল্ট্রি ও মুরগির বাজারেও দাম চড়া। বর্তমানে ব্রয়লার প্রতি কেজি ১৮০-১৯০ টাকা, কক ৩৮০-৪০০ টাকা এবং সোনালি মুরগি ৩৩০-৩৫০ টাকায় বিক্রি হচ্ছে। স্থানীয়দের মতে, দ্রুত ক্ষতিকর চায়না দুয়ারি জাল ও সাগরে অবৈধ ট্রলিং বন্ধে কার্যকর পদক্ষেপ না নিলে দেশীয় মৎস্য সম্পদ চরম হুমকির মুখে পড়বে।

আগৈলঝাড়ায় সড়কের পাশের

কেটেও ফেলেন তিনি। বাকি একটি রেইন ট্রি গাছ কাটার কাজ চলমান ছিলো। স্থানীয়রা বিষয়টি উপজেলা নির্বাহী কর্মকর্তাকে (ইউএনও) জানান। গাছ বিক্রেতা জলিল বয়াতীর দাবি জায়গা সরকারি হলেও গাছগুলো তাঁদের লাগানো। এ ব্যাপারে তাঁরা বন বিভাগের সঙ্গে কথাও বলেছেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) নিরুপম মজুমদার বলেন, 'সরকারি জায়গার গাছ কাটার কোনো নিয়ম নেই। আমি খবর পেয়ে গাছ কাটা বন্ধে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছি।'

প্রেসক্রিপশন ছাড়াই যৌন

প্রশিক্ষণপ্রাপ্ত একজন কবিরাজি চিকিৎসক। রোগী দেখাসহ ওষুধ দেওয়ার অনুমতি রয়েছে আমার। আমার সব ধরনের বৈধ কাগজপত্র রয়েছে। তারপরও কেন আমাকে ভ্রাম্যমাণ আদালত জরিমানা করেছে, তা আমি বুঝতে পারছি না। এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রিফাত আরা মৌরি বলেন, চিকিৎসকের প্রেসক্রিপশন ছাড়া যৌন উত্তেজক ওষুধ বিক্রির সময় এক ব্যক্তিকে হাতেনাতে আটক করা হয়েছে। তাকে ১০ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়েছে এবং সতর্ক করা হয়েছে। এর আগেও তার বিরুদ্ধে একাধিক অভিযোগ ছিল। জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, জনস্বাস্থ্য সুরক্ষা এবং ওষুধের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে এ ধরনের অভিযান ভবিষ্যতেও নিয়মিত পরিচালনা করা হবে।

জুলাই ছিলো আগুনমাখা

আন্দোলনের শিক্ষার্থীদের প্ল্যাটফর্ম বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আরও দুই সমন্বয়ক আসিফ মাহমুদ ও আবু বাকের মজুমদারকে রাজধানীর গণস্বাস্থ্য নগর হাসপাতাল থেকে নিজেদের হেফাজতে নেয় ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। এছাড়া বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আরও দুই সমন্বয়ককে হেফাজতে নেয় ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা শাখা (ডিবি)। তারা হলেনড় সারজিস আলম ও হাসনাত আবদুল্লাহ। কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে বিক্ষোভ ও পরবর্তী সংঘাতে এদিন ২০৯ জনের মৃত্যুর খবর পাওয়া যায়।

যুক্তরাষ্ট্রের ৮ ঘাঁটিতে ইরানের ব্যাপক ধ্বংসযজ্ঞ, ২০০ সেনা নিহতের দাবি

কীর্তনখোলা ডেস্ক
হরমুজ প্রণালির ব্যবস্থাপনা তথা নিয়ন্ত্রণ ইস্যুতে মতানৈক্যের জেরে চলতি মাসে ফের সংঘাতে জড়ায় ইরান ও যুক্তরাষ্ট্র। পাকিস্তানের মধ্যস্থতায় স্বাক্ষরিত সমঝোতা স্মারকে (MoU) উল্লিখিত যুদ্ধবিরতি আর কার্যকর নেই গত ৩ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ সোমবার ॥ ২৭ জুলাই ২০২৬ ॥ ১২ শ্রাবণ ১৪৩৩

সৌদি আরবে এক সপ্তাহে গ্রেফতার প্রায় ১৫ হাজার

কীর্তনখোলা ডেস্ক
সৌদি আরবে এক সপ্তাহব্যাপী দেশজুড়ে পরিচালিত অভিযানে আবাসন, শ্রম ও সীমান্ত নিরাপত্তা আইন লঙ্ঘনের অভিযোগে ১৪ হাজার ৯৭০ জনকে গ্রেফতার করেছে দেশটির কর্তৃপক্ষ। রোববার সৌদি স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানায়, ১৬ থেকে ৩ এর পাতায় দেখুন

নদীভাঙনে ক্ষতবিক্ষত মুলাদী, চোখের সামনে বিলীন হচ্ছে মানুষের শেষ আশ্রয়

মুলাদী প্রতিনিধি
বরিশালের মুলাদীতে আড়িয়াল খাঁ ও জয়ন্তী নদীর ভয়াবহ ভাঙনে দিশাহারা হয়ে পড়েছে উপজেলার সহস্রাধিক পরিবার। বর্ষা মৌসুমের শুরুতেই নদীর পানি বৃদ্ধি ও প্রবল স্রোতের কারণে নদীতীরবর্তী এলাকায় শুরু হয়েছে তীব্র ভাঙন। ইতিমধ্যে নদীগর্ভে বিলীন হয়েছে শত শত বিঘা ফসলি জমি, বসতঘর ও গুরুত্বপূর্ণ সড়ক। হুমকির মুখে পড়েছে শিক্ষাপ্রতিষ্ঠান, হাট-বাজার, মসজিদসহ সরকারি ও সামাজিক স্থাপনা। সম্প্রতি সরেজমিনে উপজেলার চরকালেখান ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের লালন সরদারের বাড়ি থেকে আজিজ সরদারের বাড়ি পর্যন্ত নদীতীরবর্তী এলাকা ঘুরে দেখা যায় ভাঙনের ভয়াবহ চিত্র। নদীর প্রবল স্রোতে পাড় ভেঙে পানি এখন বসতবাড়ির একেবারে কাছে চলে এসেছে। স্থানীয়দের মতে, চরকালেখান ইউনিয়নের পূর্ব বানীমর্দন সরকারি প্রাথমিক বিদ্যালয়টি বর্তমানে নদীর তীর থেকে মাত্র ২০০ মিটার দূরে অবস্থান ৩ এর পাতায় দেখুন

জমি বিরোধে বৃদ্ধকে হত্যা ॥ ঢাকা ও নারায়ণগঞ্জ থেকে দুই আসামি গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট
পটুয়াখালীর মহিপুরে মজিবুর হত্যা মামলার এজাহারভুক্ত দুই প্রধান আসামিকে গ্রেফতার করেছে র‌্যাব। ঢাকা ও নারায়ণগঞ্জের পৃথক এলাকায় সফল অভিযান চালিয়ে চাঞ্চল্যকর এই হত্যা মামলার পলাতক আসামিদের আইনের আওতায় আনা হয়। গ্রেফতারকৃত আসামিরা হলেন নয়াকাটা গ্রামের মো. সালেক ও মো. ছারোয়ার। র‌্যাব-৮ সদর দপ্তরের পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ঢাকা ও নারায়ণগঞ্জের একাধিক ক্যাম্পে যৌথ অভিযান চালিয়ে এই দুই আসামিকে আটক করা হয়। গত ২৪ জুলাই নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জের জুলকুড়ি এলাকা থেকে সালেক এবং পরদিন ২৫ জুলাই ঢাকার গুলশান থেকে ছারোয়ারকে গ্রেফতার ৩ এর পাতায় দেখুন

প্রবাসীকে জোর করে বিষপান করিয়ে হত্যা, স্ত্রীসহ পাঁচজনের বিরুদ্ধে মামলা

বরগুনা প্রতিনিধি
বরগুনার সদর উপজেলায় সৌদি আরব ও মালয়েশিয়া প্রবাসী আফাং শিকদার (৪৭) নামে এক ব্যক্তির মৃত্যুকে ঘিরে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। নিহতের পরিবারের অভিযোগ, দাম্পত্য কলহ, পরকীয়া সম্পর্ক এবং বিদেশ থেকে পাঠানো অর্থ নিয়ে

কোনো বক্তব্য পাওয়া যায়নি। পুলিশ জানায়, আফাং শিকদার বরগুনা সদর উপজেলার কেওড়াবুনিয়া ইউনিয়নের বাসিন্দা। তিনি প্রায় ১৩ থেকে ১৪ বছর মালয়েশিয়া ও সৌদি আরবে কর্মরত ছিলেন। গত বছরের এপ্রিল মাসে দেশে ফেরেন। বরগুনা সদর থানায় দায়ের করা

বিরোধের জেরে তাকে বিষপ্রয়োগে হত্যা করা হয়েছে। তবে এ অভিযোগের বিষয়ে অভিযুক্তদের মামলার এজাহারে নিহতের বড় ভাই দুলাল শিকদার অভিযোগ ৩ এর পাতায় দেখুন

ঢালাইকালে ধসে পড়লো কালভার্টের ডেক স্লাব

গৌরনদী প্রতিনিধি
বরিশালের গৌরনদী উপজেলায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অর্থায়নে প্রায় ৩৫ লাখ টাকা ব্যয়ে নির্মাণাধীন ৫০ ফুট দৈর্ঘের একটি কালভার্ট-এর স্লাব ঢালাই চলাকালে ধসে পড়েছে। তবে এ ঘটনায় কেউ হতাহত না হলেও বিষয়টি নিয়ে এলাকায় জনমনে ব্যাপক চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। বিষয়টি নিয়ে তদন্ত করতে জেলা ও উপজেলা প্রশাসন দুটি তদন্ত কমিটি গঠন করেছে। উপজেলার খাঞ্জাপুর ইউনিয়নের প্রত্যন্ত আহম্মেদকাঠী গ্রামের ৩ এর পাতায় দেখুন

দুই কুকুরকে পিটিয়ে হত্যা: দুজনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

পটুয়াখালী প্রতিনিধি
পটুয়াখালী সদর উপজেলার আউলিয়াপুর ইউনিয়নের খেজুরতলা স্ট্যান্ড এলাকায় দুটি পোষা কুকুরকে পিটিয়ে হত্যার অভিযোগে মামলা হয়েছে। এ ঘটনায় করা মামলায় দুই আসামিকে গ্রেফতারের আদেশ দিয়েছেন আদালত। মামলা সূত্রে জানা যায়, গত ২৩ জুলাই বেলা ১১টার দিকে আউলিয়াপুর ইউনিয়নের দক্ষিণ বাদুরা খেজুরতলা স্ট্যান্ড এলাকায় দুটি কুকুরকে বৈদ্যুতিক খুঁটির সঙ্গে দড়ি দিয়ে বেঁধে কাঠের রোঁয়া ও লাঠি দিয়ে পিটিয়ে হত্যার অভিযোগ ওঠে। পরে এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে বিষয়টি পটুয়াখালী সদর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নজরে আসে। এ ঘটনায় পটুয়াখালী সদর উপজেলা ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় সড়কের পাশের গাছ বিক্রি, বন্ধ করলেন ইউএনও

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়ায় সড়কের পাশে থাকা গাছ অবৈধভাবে বিক্রির পর কেটে নিচ্ছিলেন ব্যবসায়ীরা। খবর পেয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) গাছ কাটা বন্ধ করে দিয়েছেন। রোববার সকালে গাছ কাটা বন্ধ করে দেন তিনি। স্থানীয় সূত্রে জানা গেছে, আজ সকালে উপজেলার উত্তর শিহিপাশা গ্রামের জলিল বয়াতী গৈলা ইউনিয়নের গুপ্তেরহাট-কুমারভাঙ্গা সড়কের পাশে থাকা তিনটি গাছ স্থানীয় ব্যবসায়ী সোহরাব সিকদারের কাছে ২২ হাজার টাকায় বিক্রি করেন। ইতিমধ্যে কিনে নেওয়া দুটি চাম্বল গাছ ৩ এর পাতায় দেখুন

প্রেসক্রিপশন ছাড়াই যৌন উত্তেজক ওষুধ বিক্রি, অতঃপর..

রাজাপুর প্রতিনিধি
ঝালকাঠির রাজাপুর উপজেলায় চিকিৎসকের প্রেসক্রিপশন ছাড়া যৌন উত্তেজক ওষুধ বিক্রির দায়ে এক ঔষধ ব্যবসায়ীকে ১০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। রোববার (২৬ জুলাই) সন্ধ্যা ৬টার দিকে উপজেলা সদরের হরিসভা মন্দির সড়কে অবস্থিত মেসার্স ময়না মেডিকেল হল-এ অভিযান পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রিফাত আরা মৌরি। অভিযানে মো. মহিউদ্দীন ভান্ডারীকে ১০ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। দণ্ডপ্রাপ্ত মহিউদ্দীন ভান্ডারী উপজেলার সদর ইউনিয়নের মনোহরপুর এলাকার মরহুম মোবারক ফকিরের ছেলে। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, দীর্ঘদিন ধরে চিকিৎসকের প্রেসক্রিপশন ছাড়াই যৌন উত্তেজক ওষুধ বিক্রির অভিযোগ ছিল মহিউদ্দীন ভান্ডারীর বিরুদ্ধে। গোপন সংবাদের ভিত্তিতে পরিচালিত অভিযানে তাকে হাতেনাতে আটক করা হয়। পরে ভোক্তা অধিকার ও ওষুধ বিক্রয় সংক্রান্ত বিধিমালা লঙ্ঘনের দায়ে তাকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। তবে অভিযোগ অস্বীকার করে মহিউদ্দীন ভান্ডারী বলেন, আমি ৩ এর পাতায় দেখুন

৪ মাস ধরে বন্ধ সরকারি সি-ট্রাক ডেঞ্জার জোনে অবৈধ ট্রলারে যাতায়াত

ভোলা প্রতিনিধি
নৌপথে ভোলার মূল ভুখণ্ডের সাথে মনপুরা উপজেলার প্রায় দেড়লাখ বাসিন্দার নিরাপদে চলাচলের একমাত্র বাহন 'এসটি ইলিশা' নামে সরকারি সি-ট্রাকটি গত ৪ মাস ধরে বন্ধ রয়েছে। এটি বন্ধ থাকায় উত্তাল মেঘনায় ডেঞ্জার জোনে বাধ্য হয়েই প্রতিদিনই মৃত্যু ঝুঁকি নিয়ে অবৈধ ট্রলারে যাতায়াত করতে হচ্ছে সেখানকার বাসিন্দাদের। এতে সীমাহীন দুর্ভোগে রয়েছেন উপজেলাবাসী। তবে শিগগিরই সি-ট্রাকটি চালুর আশ্বাস দিয়েছেন নৌপরিবহন প্রতিমন্ত্রী। অভিযোগ উঠেছে, মেঘনা নদীর ডেঞ্জার জোনে সি-সার্ভে ৩ এর পাতায় দেখুন

ফেসবুকে স্ট্যাটাস দিয়ে জামায়াত নেতার পদত্যাগ

মহিপুর প্রতিনিধি
পটুয়াখালীর মহিপুরে দলের উচ্চপর্যায়ের নেতাদের বিরুদ্ধে 'অনৈতিক কর্মকাণ্ডের' অভিযোগ তুলে দলীয় পদ ও সব ধরনের রাজনৈতিক কর্মকাণ্ড থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন জামায়াতে ইসলামীর এক স্থানীয় নেতা। সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক স্ট্যাটাসের মাধ্যমে এই সিদ্ধান্তের কথা জানান মহিপুর সদর ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ড জামায়াতের সাধারণ সম্পাদক মো. খলিলুর রহমান কিয়াম গাজী। বিষয়টি ছড়িয়ে পড়ার পর স্থানীয় রাজনৈতিক অঙ্গনে আলোচনা-সমালোচনা শুরু হয়েছে। তবে জামায়াতের স্থানীয় নেতৃত্বের দাবি, ব্যক্তিগত জমিজমা ও পাওনা টাকা আদায়-সংক্রান্ত বিরোধের জেরে তিনি দল থেকে দূরে সরে গেছেন এবং আনুষ্ঠানিকভাবে কোনো পদত্যাগপত্র জমা দেননি। সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া বিবৃতিতে খলিলুর রহমান কিয়াম গাজী জানান, রাজনীতিতে যুক্ত থাকার সময় তিনি ন্যায় ও নৈতিকতার পক্ষে কাজ করার চেষ্টা করেছেন। তবে সাম্প্রতিক সময়ে দলের কিছু কেন্দ্রীয় ৩ এর পাতায় দেখুন

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২৫ বিভাগের ৬০ শিক্ষার্থীকে শিক্ষা মেধাবৃত্তি প্রদান

কীর্তনখোলা রিপোর্ট
শিক্ষার্থীদের মেধা বিকাশ ও উচ্চশিক্ষায় উৎসাহিত করার লক্ষ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) ২৫টি বিভাগের ৬০ জন কৃতী শিক্ষার্থীকে 'শিক্ষা মেধাবৃত্তি' প্রদান করা হয়েছে। রোববার (২৬ জুলাই) সকাল ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের হাতে এই মেধাবৃত্তি তুলে দেয়া হয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অর্থায়নে বিভিন্ন বিভাগের ৬০ জন কৃতী ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে এ শিক্ষা মেধাবৃত্তি দেয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মো: মামুন অর রশিদ। এসময় ভিসি ড. মো: মামুন অর রশিদ শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, 'প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে ভর্তি হওয়া শিক্ষার্থীদের মধ্যে যারা অধ্যবসায়, নিয়মিত পড়াশোনা ৩ এর পাতায় দেখুন

ডাকাতির অভিযোগে যুবলীগ নেতা আটক

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠি সদর উপজেলার গাভারামচন্দ্রপুর ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক মো. আরিফুল ইসলামকে একটি ডাকাতির ঘটনায় জড়িত থাকার অভিযোগে আটক করেছে র‌্যাব। শনিবার (২৫

জুলাই) রাতে রাজধানীর আজিমপুর এলাকা থেকে র‌্যাব-৮-এর একটি দল অভিযান চালিয়ে তাকে আটক করে। পরে তাকে ঝালকাঠি সদর থানা-পুলিশের কাছে হস্তান্তর করা হয়। বর্তমানে তিনি পুলিশ হেফাজতে রয়েছেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, সম্প্রতি ঝালকাঠিতে সংঘটিত একটি ডাকাতির ঘটনায় ওই যুবলীগ নেতার সম্পৃক্ততার অভিযোগ উঠে। এর ভিত্তিতে সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের আলোকে তাকে ঢাকা থেকে আটক করা হয়। ঘটনার সঙ্গে তার প্রাথমিক সংশ্লিষ্টতা খতিয়ে দেখা ৩ এর পাতায় দেখুন

ভরা মৌসুমেও নেই ইলিশ, 'চায়না দুয়ারি' জালে সঙ্কটে দেশি মাছ

পিরোজপুর প্রতিনিধি
ভরা মৌসুমেও বাজারে নেই কাঙ্ক্ষিত ইলিশ। বঙ্গোপসাগরে ৬৫ দিনের মাছ ধরার নিষেধাজ্ঞা শেষ হলেও জেলেদের জালে প্রত্যাশা অনুযায়ী ইলিশ বা অন্য কোনো সামুদ্রিক মাছ মিলছে না। এতে বাজারে মাছের সরবরাহ আশঙ্কাজনকভাবে কমেছে, আর হু হু করে বাড়ছে দাম। কেবল সামুদ্রিক মাছই নয়, নদী-নালা ও খালে-বিলে আগের মতো পাওয়া যাচ্ছে না দেশীয় প্রজাতির মাছও। পিরোজপুরের স্থানীয় মৎস্য বাজারগুলোতে এখন ক্রেতাদের চোখেমুখে হতাশা। মাছের বাজার অস্থির হয়ে ওঠায় চরম ভোগান্তিতে পড়েছেন নিম্ন ও মধ্যবিত্ত আয়ের সাধারণ মানুষ। দেশীয় মাছের এই সঙ্কটের নেপথ্যে নিষিদ্ধ 'চায়না দুয়ারি' জালকে দায়ি করছেন স্থানীয় ব্যবসায়ীরা। তাদের অভিযোগ, নদী-নালা ও অন্য ৩ এর পাতায় দেখুন

হারিয়ে যাওয়া ৩১টি মোবাইল উদ্ধার করে প্রকৃত মালিকদের হাতে হস্তান্তর করেন বরিশাল জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার আলাউল হাসান -কীর্তনখোলা

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

বাউফলে সড়ক দুর্ঘটনায় ভিক্ষুক নিহত

বাউফল প্রতিনিধি
পটুয়াখালীর বাউফলে সড়ক দুর্ঘটনায় ইউনুস খান (৬০) নামে এক ভিক্ষুক নিহত হয়েছেন। রবিবার (২৬ জুলাই) দুপুরে উপজেলার অজ্ঞাত স্থানে সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হওয়ার পর দুইজন অজ্ঞাত ব্যক্তি তাকে বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক ডা. সাহরিয়ার আল কাইয়ুম জানান, দুই ব্যক্তি আহত অবস্থায় ইউনুস খানকে হাসপাতালে ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার:
এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার:
মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ
কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com